


১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com




মঙ্গলবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৭০ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ২০ আষাঢ় ১৪৩০ ॥ ১৫ জিলহজ্ব ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ০৪ জুলাই ২০২৩

## হজ পালন শেষে দেশে ফিরেছেন রাষ্ট্রপতি



**নিজস্ব প্রতিবেদক :** রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন সৌদি আরবে পবিত্র হজ পালন শেষে আজ সকালে দেশে ফিরেছেন। রাষ্ট্রপতি তাঁর পত্নী ড. রেবেকা সুলতানা ও পরিবারের অন্যান্য সদস্যবৃন্দ এবং সফর সঙ্গীদের বহনকারী বিমানটি ভোর রাত ১টা ৪৭ মিনিটে ২-এর পাতায় দেখুন

## সিটি করপোরেশন নির্বাচন সরকারের নিরপেক্ষতা প্রমাণ করেছে



**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল বলেছেন, সাম্প্রতিক সিটি কর্পোরেশন নির্বাচনগুলো প্রমাণ করেছে যে তার বর্তমান সরকারের অধীনে নির্বাচন গ্রহনযোগ্য ও সুষ্ঠু হতে পারে, যেখানে জনগণ স্বতঃস্ফূর্তভাবে তাদের ভোট দিতে পারে। তিনি বলেন, "একের পর এক ২-এর পাতায় দেখুন

## কোরআন নিয়ে পুতিনের হুঁশিয়ারিতে টনক নড়ল ইইউর



**নিজস্ব প্রতিবেদক :** সুইডেনে পবিত্র কোরআন অবমাননার ঘটনায় ক্ষোভের আগুনে জ্বলছে মুসলিম বিশ্ব। পবিত্র কোরআন হাতে মুসলিম বিশ্বের নেতাদের নিন্দার মুখে নিজের অবস্থান স্পষ্ট করেছে ইউরোপীয় ইউনিয়ন। কোরআন বা ২-এর পাতায় দেখুন


# রাজনীতিতে আসছে চমক!



**নিজস্ব প্রতিবেদক :** আসছে জাতীয় সংসদ নির্বাচনের আর বেশি হলে পাঁচ মাস বাকি। সংবিধান অনুযায়ী এই সরকারের মেয়াদ আর সর্বোচ্চ দুই মাস। এর পরই গঠিত হবে নির্বাচনকালীন সরকার। এদিকে আওয়ামী লীগ বলে আসছে, বাংলাদেশের জাতীয় সংবিধান অনুযায়ী আগামী নির্বাচন অনুষ্ঠিত হবে, এতে কে অংশগ্রহণ করলো বা কে করলো না, এটা নিতান্তই তাদের দলীয় ব্যাপার। এ বিষয়ে বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনাও সংবিধান অনুযায়ী আসন্ন জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠানের কথা একাধিকবার বিভিন্ন সময় সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেছেন। তিনি এ-ও জানিয়েছেন যে, বর্তমান জাতীয় সংসদ থেকে নির্বাচিত প্রতিনিধিদের নিয়ে নির্বাচনকালীন সরকার গঠন করা হবে এবং সংবিধান অনুযায়ী নির্বাচন অনুষ্ঠিত হবে।

এদিকে দীর্ঘদিন থেকেই নির্দলীয়, নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের দাবিতে আন্দোলন করছে বিএনপি। তারা বর্তমান প্রধানমন্ত্রীর অধীনে এবং সরকার গঠিত নির্বাচনকালীন সরকারের অধীনে নির্বাচনে অংশ নিতে নারাজ। বিএনপি বলছে, নির্দলীয়, নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকার ছাড়া কোনো নির্বাচনে অংশগ্রহণ করবে না বিএনপি। যদিও বিএনপির তৃণমূল থেকে বেশ কিছু নেতা-কর্মী সাম্প্রতিক সময়ে অনুষ্ঠিত পাঁচটি সিটি করপোরেশন নির্বাচনে অংশগ্রহণ করেছিল, তথাপিও কেন্দ্র থেকে বিএনপির ধানের শীষ প্রতীক দিয়ে কোনো প্রতিদ্বন্দ্বী প্রার্থীকে মনোনয়ন দেয়নি বিএনপি। সেই ক্ষেত্রে বিএনপি নির্বাচনে অংশ নেওয়ায় একাধিক নেতা-কর্মীকে বহিষ্কার করেছে- যা বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত হয়েছে।

ফলে দেশের রাজনৈতিক সঙ্কট ক্রমশ ঘণীভূত হচ্ছে বলেই মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা। রাজনৈতিক মহলে একটি প্রশ্ন ওঠেছে, এই ঘণীভূত হতে থাকা রাজনৈতিক সঙ্কট সমাধানের উপায় কী? রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন, বিএনপি এবং আওয়ামী লীগের পরস্পর বিরোধী এ অবস্থান কেবলমাত্র 'সংলাপ'র মাধ্যমেই সমাধান করা সম্ভব হতে পারে এবং এর মাধ্যমেই ২-এর পাতায় দেখুন



## খুলনাসহ তিন সিটির মেয়রকে শপথ পাঠ করালেন প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** বরিশাল, খুলনা ও গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচনে নবনির্বাচিত মেয়রদের শপথ বাক্য পাঠ করিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পাশাপাশি এই তিন সিটির নবনির্বাচিত কাউন্সিলরদের শপথ বাক্য পাঠ করানো হয়। তাদের শপথ বাক্য পাঠ করান স্থানীয় সরকারমন্ত্রী মো. তাজুল ২-এর পাতায় দেখুন



## মার্তিনেসের উপহার জার্সি, প্রধানমন্ত্রী দিলেন নৌকা

**নিজস্ব প্রতিবেদক :** আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী গোলরক্ষক এমি মার্তিনেসের ঢাকা সফর শেষ হয়েছে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাতের মধ্য দিয়ে।

গতকাল সোমবার দুপুরে প্রধানমন্ত্রীর কার্যালয়ে গিয়ে তার সঙ্গে সাক্ষাৎ করেন মার্তিনেস। এ সময় প্রধানমন্ত্রীকে আর্জেন্টিনার একটি জার্সি উপহার ২-এর পাতায় দেখুন

## শৈলকুপায় জেলা প্রশাসকের মতবিনিময় সভা অনুষ্ঠিত



**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** আইনশৃঙ্খলা পরিস্থিতি, জঙ্গিবাদ বিরোধী কার্যক্রম, উন্নয়নমূলক কর্মকান্ড, মানসম্মত শিক্ষা, জনসেবা এবং দুর্নীতি বিরোধীসহ বিভিন্ন বিষয় নিয়ে ঝিনাইদহের শৈলকুপায় জনপ্রতিনিধি, সরকারি কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধা, শিক্ষক ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গদের সাথে মতবিনিময় সভা করেছেন জেলা প্রশাসক রফিকুল ইসলাম। সোমবার দুপুরে ধলহরাচন্দ্র ইউনিয়নের লাঙলবাধ আদিল উদ্দিন ডিগ্রি কলেজ হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়। উপজেলা নির্বাহী কর্মকর্তা(ইউএনও) রাজিয়া আক্তারের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জেলা প্রশাসক। এসময় তিনি সংক্ষিপ্ত বক্তব্যে মাদক, বাল্যবিবাহ, নারী শিক্ষা ও যৌতুক প্রথাসহ বিভিন্ন দিক নিয়ে গুরুত্বসহকারে মতবিনিময় করেন। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন, উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও ধলহরাচন্দ্র ইউপি চেয়ারম্যান মতিয়ার রহমান বিশ্বাস, সহকারি কমিশনার (ভূমি) বনি আমিন, শৈলকুপা থানার ওসি আমিনুল ইসলাম প্রমুখ। পরে মতবিনিময় শেষে ধলহরাচন্দ্র ভূমি অফিস ও ইউনিয়ন পরিষদ পরিদর্শন করেন।



## দর্শনায় ৩ কেজি গাঁজাসহ ২ জন গ্রেফতার

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৩ কেজি গাঁজাসহ ২ জনকে গ্রেফতার করেছে। রবিবার রাত সাড়ে ৯ টার দিকে দর্শনা থানার পুলিশ পরিদর্শক (অপারেশন) নিরব হোসেনের নেতৃত্বে অভিযান চালায় ঝাঁঝাডাঙ্গা বগানপাড়ায়। এ সময় দর্শনা থানার এসআই ফজলুর রহমান, এএসআই বশির আহম্মেদ, এএসআই মামুনুর রহমানসহ সঙ্গীয় ফোর্সসহ গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় ঝাঁঝাডাঙ্গা বাগানপাড়ার আনিচুর রহমানের ২-এর পাতায় দেখুন

## দারিয়াপুরে বর্তমান সরকারের উন্নয়ন শীর্ষক পথসভা ও গণসংযোগ



**মেহেরপুর প্রতিনিধি:** মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে বর্তমান সরকারের উন্নয়ন শীর্ষক পথসভা ও গণসংযোগ। সোমবার বিকালের দিকে দারিয়াপুর বাজারে এ পথসভা অনুষ্ঠিত হয়। দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সহ-সভাপতি আবদুর রশিদের সভাপতিত্বে পথসভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট মিয়াজান আলী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি অ্যাডভোকেট ইয়ারুল ইসলাম, মেহেরপুর জেলা পরিষদের সাবেক চেয়ারম্যান গোলাম রসূল, মুজিবনগর উপজেলা পরিষদের ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে পাটক্ষেত থেকে অর্ধগলিত গলাকাটা লাশ উদ্ধার

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ সদর উপজেলার আড়ুয়াকান্দী গ্রামের মাঠের পাটক্ষেত থেকে এক ব্যক্তির গলাকাটা অর্ধ-গলিত লাশ উদ্ধার করেছে পুলিশ। সোমবার দুপুরে অজ্ঞাত পরিচয় ওই ব্যক্তির লাশ উদ্ধার করা হয়। স্থানীয়রা জানায়, আড়ুয়াকান্দি গ্রামের জনৈক রবি মিয়ার পাটক্ষেতে অর্ধ-গলিত লাশ পড়ে থাকতে দেখে পুলিশে ২-এর পাতায় দেখুন

## পরকীয়ার দায়ে পুলিশ কর্মকর্তার পদাবনতি

**নিজস্ব প্রতিবেদক :** পরকীয়ার দায়ে নিহার রঞ্জন হাওলাদার নামে এক পুলিশ সুপারকে পদাবনতি দেয়া হয়েছে। তিনি রাজশাহী রেঞ্জের ডিআইজি অফিসে সংযুক্ত পুলিশ সুপার ছিলেন।

রোববার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগের সিনিয়র সচিব মো. মোস্তাফিজুর রহমান স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। গত ২২ জুন এ নিয়ে আলাদা প্রজ্ঞাপন জারি করা হলেও ঈদের ছুটি শেষে তা রোববার প্রকাশিত হয়। প্রজ্ঞাপনে বলা হয়, সিআইডির সাবেক বিশেষ পুলিশ সুপার থাকাকালে এক বিবাহিত নারীর ২-এর পাতায় দেখুন

## গাংনীতে কৃষকদের মাঝে বীজ ও সার বিতরণের উদ্বোধন



**গাংনী প্রতিনিধি:** ২০২২-২০২৩ অর্থবছরে প্রণাদেনা কর্মসূচির আওতায় গ্রীষ্মকালীন পেঁয়াজ ও উফশী রোপা আমন ধানের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে মেহেরপুরের গাংনীতে কৃষকদের মাঝে বিনামূল্যে রাসায়নিক সার ও বীজ বিতরণের উদ্বোধন করা হয়েছে। গাংনী উপজেলার বিভিন্ন গ্রামের ২ হাজার ৬শ জন কৃষকের মাঝে ৫ কেজি ধান বীজ ও ২০ কেজি করে রাসায়নিক সার এবং ১২০ জন কৃষককে ১ কেজি করে পেঁয়াজের বীজ ও সার প্রদান করা হয়। সোমবার সকালে উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। গাংনী উপজেলা প্রশাসন ও উপজেলা কৃষি সম্প্রসারণ ২-এর পাতায় দেখুন



## হরিণাকুন্ডুতে সরকারী চাল আত্মসাৎ মামলায় ইউপি চেয়ারম্যান মনজুর রাশেদ কারাগারে

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের হরিণাকুন্ডু সরকারী চাল আত্মসাৎ মামলায় ইউপি চেয়ারম্যান মনজুর রাশেদকে কারাগারে পাঠানো হয়েছে। সোমবার ঝিনাইদহ জেলা ও দায়রা জজ আদালতের বিচারক মোঃ নাজিমুদ্দৌলা এ আদেশ দেন। মনজুর রাশেদ হরিণাকুন্ডু উপজেলার তাহেরহুদা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান। মামলার রাষ্ট্রপক্ষের ২-এর পাতায় দেখুন

### সরকারি খরচে বিদেশ ভ্রমণ বন্ধ

# ভূমি অধিগ্রহণ, গাড়ি, জাহাজ বিমান কেনা বন্ধ রাখার নির্দেশ

**নিজস্ব প্রতিবেদক :** চলমান বৈশ্বিক অর্থনৈতিক মন্দার কারণে সব ধরনের গাড়ি, বিমান ও জাহাজ কেনাকাটায় বন্ধ রাখার নির্দেশ দিয়েছে অর্থ মন্ত্রণালয়। এছাড়া উন্নয়ন বাজেটের আওতায় নতুন গাড়ি কেনা বন্ধ এবং প্রকল্পের অর্থ ছাড় পুনরাদেশ না দেওয়া পর্যন্ত স্থগিত থাকবে। সব ধরনের আবাসিক, অনাবাসিক, অন্যান্য ভবন ও স্থাপনা খাতে বরাদ্দ দেওয়া অর্থ ব্যয়ও বন্ধ থাকবে। বৈদেশিক ভ্রমণ, কর্মশালা, সেমিনারে অংশগ্রহণ এবং ভূমি খাতের অধিগ্রহণ বাবদ বরাদ্দ বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে।

রোববার অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ থেকে এ সংক্রান্ত জরুরি পরিপত্র জারি করা হয়েছে। সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানি ও আর্থিক প্রতিষ্ঠানের পরিচালন ও উন্নয়ন বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার এসব সিদ্ধান্ত গ্রহণ করেছে। সরকারি ব্যয়ে কৃচ্ছ্রসাধনের জন্য বিদ্যুৎ এবং জ্বালানি খাতে বরাদ্দকৃত অর্থের ২০ থেকে ২৫ শতাংশ সাশ্রয় করার নির্দেশ দিয়েছে সরকার। বিদ্যুৎ খাতের সর্বোচ্চ ৭৫ শতাংশ এবং জ্বালানি খাতের ২-এর পাতায় দেখুন



চুয়াডাঙ্গা জেলার প্রথম দৈনিক "দৈনিক মাথাভাঙ্গা"
ঝিনাইদহ জেলার প্রথম দৈনিক "দৈনিক ঝিনাইদহ"
এবং "দৈনিক অধিবেশন" পত্রিকার

অন্যতম প্রতিষ্ঠাতা

জাতীয় দৈনিক মুক্তকণ্ঠ", "দৈনিক মানবকণ্ঠ", Times world, HelloToday
পত্রিকার শীর্ষ পদে একদা দায়িত্ব পালনকারী সাংবাদিক-সম্পাদক

আলী কদর পলাশ সম্পাদিত

দৈনিক এই আমার দেশ — Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com
দৈনিক গড়ব বাংলাদেশ — একসাথে গড়ব দেশ

নিয়মিত পড়ুন এবং বিজ্ঞাপন দিন



## বিএনপি-জামায়াত মুদ্রার এপিঠ ওপিঠ : হানিফ

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক মাহ-বুব-উল আলম হানিফ এমপি বলেছেন, জাতীয় সংসদ নির্বাচন আসন্ন, তাই আওয়ামী লীগ অন্যান্য কর্মকাণ্ডের পাশাপাশি নির্বাচনের প্রস্তুতি নিচ্ছে। আর বিএনপি ষড়যন্ত্রের উপর নির্ভরশীল ২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক
এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

মঙ্গলবার ০৪ জুলাই ২০২৩

# রাজধানীতে ফিরছে মানুষ এখনো ঘরমুখো অনেকেই



**স্টাফ রিপোর্টার :** পরিবার-পরিজনের সঙ্গে ঈদ আনন্দ ভাগাভাগি করতে নাড়ির টানে বাড়ি ফেরা মানুষ ঈদের ছুটি কাটিয়ে রাজধানীতে ফিরতে শুরু করেছে। ঈদুল আজহা ঘিরে এ বছর রাজধানী ছাড়েন প্রায় ১ কোটি মানুষ। ঈদ শেষে তারা স্বজনদের সঙ্গে কাটানো সুন্দর মুহূর্তগুলোর স্মৃতি নিয়ে ফিরছেন ঢাকায়। গত দুদিন ধরেই ঈদের ফিরতি যাত্রায় কেউ বাসে, কেউ লঞ্চে, কেউ ট্রেনে করে ঢাকায় ফিরছেন। ঈদযাত্রায় সড়কপথে কোনো কোনো জায়গায় যাত্রীদের যানজটের ভোগান্তি এবং লঞ্চে যাত্রী কম থাকায় ছাড়ার দীর্ঘ অপেক্ষা থাকলেও গত ঈদুল ফিতরের মতো ঈদুল আজহায়ও রেলপথে তুলনামূলক স্বস্তি নিয়ে যাতায়াত করছেন যাত্রীরা। গত দুদিন রাজধানীর কমলাপুর রেলওয়ে স্টেশন ঘুরে এমন চিত্রই দেখা গেছে। গতকাল সোমবার সকালে কমলাপুর রেল স্টেশনে দেখা যায়, ট্রেনে দেশের বিভিন্ন স্থান থেকে কোনো ঝামেলা ছাড়াই রাজধানীতে ফিরছেন ঈদযাত্রীরা। স্টেশনে যাত্রীদের সঙ্গে কথা বলে জানা গেছে, তারা যথারীতি আগে থেকেই ফিরতি যাত্রার টিকিট সংগ্রহ করে রেখেছিলেন। কোনো ধরনের ধাক্কাধাক্কি ছাড়াই ট্রেনে উঠতে পেরেছেন। তাদের ভোগান্তিমুক্ত ভ্রমণ এবার আনন্দদায়ক হচ্ছে। কমলাপুরে ঢাকা রেলওয়ে স্টেশনের স্টেশন মাস্টার আফসার উদ্দিন বলেন, সকাল থেকে যথাসময়ে সব ট্রেন স্টেশনে আসছে। যাত্রীরাও তেমন কোনো ঝামেলা ছাড়াই ঢাকায় ফিরতে পারছেন। এদিকে যারা নানা কারণে ২-এর পাতায় দেখুন

## মার্কিন দূতাবাসের অনুষ্ঠানে আমন্ত্রণ পেলো জামায়াত

**নিজস্ব প্রতিবেদক :** দেশের রাজনীতিতে হঠাৎ করে নতুন মেরুকরণ শুরু হয়েছে। দীর্ঘ প্রায় ১ দশক পর রাজধানীতে সরকারের অনুমতি নিয়ে সমাবেশ করে জামায়াত। এই সমাবেশে জামায়াতের বিপুল সংখ্যক নেতাকর্মী ও সমর্থক অংশ নেয়। সমাবেশটি অনুষ্ঠিত হবার পর থেকে রাজনৈতিক ও সামাজিক মাধ্যমে শুরু হয় ব্যাপক আলোচনা।

জানা যায়, এক যুগ আড়ালে থাকা জামায়াতে ইসলামী মূলধারার রাজনীতিতে ফেরার চেষ্টা করছে। মার্কিন ভিসা নীতি কাজে লাগিয়ে ঈদের পর ছয় বড় শহরে সমাবেশ করার প্রস্তুতি নিচ্ছে দলটি। প্রথমে কুমিল্লায় সমাবেশের অনুমতি চাইবে। কূটনীতিকদের সঙ্গেও সম্পর্ক পুনরুদ্ধারের চেষ্টা রয়েছে দলের পক্ষ থেকে। জামায়াত এক দশক পর মার্কিন দূতাবাসের অনুষ্ঠানে আমন্ত্রণও পেয়েছে। গত সপ্তাহে জামায়াতের মজলিশে শূরা দলের সাংগঠনিক বিভাগগুলোতে সমাবেশ করার সিদ্ধান্ত নেয়।

জানা যায়, আগামী ২৩ জুলাই মার্কিন দূতাবাসের আয়োজনে যুক্তরাষ্ট্রের স্বাধীনতা দিবসের অনুষ্ঠান হবে। আগের বছরগুলোতে অন্যান্য রাজনৈতিক দলকে আমন্ত্রণ করা হলেও জামায়াতকে দাওয়াত দেওয়া হয়নি। এবার জামায়াতের ভারপ্রাপ্ত আমির মুজিবুর রহমানসহ তিন নেতাকের আমন্ত্রণ করা হয়েছে।

## গাংনীতে প্রেমিকার আত্মহত্যার খবরে প্রেমিকের আত্মহত্যার চেষ্টা



**মেহেরপুর প্রতিনিধিঃ** গলায় ফাঁস দিয়ে প্রেমিকার আত্মহত্যার খবর শুনে প্রেমিকের বিষপানে আত্মহত্যার চেষ্টার ঘটনা ঘটেছে। সোমবার সকালে গাংনী উপজেলার ব্রজপুর ঈদগাঁ পাড়ায় এঘটনা ঘটে। জানা গেছে, মেহেরপুরের গাংনী উপজেলার ব্রজপুর ঈদগাঁ পাড়ার রবিউল ইসলামের মেয়ে রুবিনা খাতুন (১৮) তার নানা বাড়ি দেবিপুর থেকে লেখাপড়া করতো। নানার বাড়ি থাকার সুবাদে দেবিপুর গ্রামের ফইমদ্দিনের ছেলে গার্মেন্টস ব্যবসায়ী রিংকুর (২৫) সাথে প্রেম সম্পর্কে জড়িয়ে পড়ে। গত বুধবার ঈদ-উল-আযহার আগের দিন কুষ্টিয়া দৌলতপুর উপজেলার নাটনাপাড়া গ্রামের সৈকত আলীর ছেলে সবুজের সাথে ২-এর পাতায় দেখুন

## যশোরে সাংবাদিককে পিটিয়ে রক্তাক্ত জখম, সার্জেন্ট রফিকুল ক্লোজড



**এস আর নিরব. যশোর :** যশোরের শার্শা উপজেলায় সাংবাদিক আসাদুর রহমানকে পিটিয়ে রক্তাক্ত জখম করার ঘটনায় নাভারণ হাইওয়ে থানার সার্জেন্ট রফিকুল ইসলামকে ক্লোজড করা হয়েছে। রোববার তাকে ক্লোজড করা হয়। এর আগে শনিবার রাতে নাভারণ সাতক্ষীরা মোড়ে ওই সাংবাদিককে মারপিট করেন সার্জেন্ট রফিক। খবর পেয়ে তাকে উদ্ধার করে শার্শা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন সহকর্মীরা। এ বিষয়ে ২-এর পাতায় দেখুন

## গাংনীতে বিষপাতে আত্মহত্যার চেষ্টা

**গাংনী প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনীতে পারিবারিক কলহের জেরে সীমা খাতুন (১৯) নামের এক গৃহবধূ বিষপানে চেষ্টা চালিয়েছে। সোমবার সকালে নিজ বাড়িতে বিষপানে আত্মহত্যা চেষ্টা করে। সীমা খাতুন সাহারবাটি গ্রামের শরিফুল ইসলামের স্ত্রী। স্থানীয়রা জানান, পারিবারিক কলহের জেরে সীমা খাতুন বিষপানে আত্মহত্যার চেষ্টা করে। পরিবারের লোকজন তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নিয়ে আসে। গাংনী উপজেলা ২-এর পাতায় দেখুন



## শৈলকুপায় শোবার ঘর থেকে মিললো বিষধর গোখরা সাপের ২০টি বাচ্চা

**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** ঝিনাইদহের শৈলকুপার চায়ের দোকানদার মুকুল হোসেনের শোবার ঘর থেকে মিললো গোখরা সাপের ২০টি বাচ্চা। সোমবার সকালে শৈলকুপা পৌরসভার মালিপাড়া থেকে মাটি খুড়ে একে একে সাপের বাচ্চাগুলো বের করে আনা হয়।

চা দোকানী মুকুল হোসেন জানান, বেশ কয়েকদিন ধরে মাঝে-সাঝে বাড়রি মেয়েরা সাপের বাচ্চা দেখতে পায় । একানে সেকানে কিল-বিল করে বেড়ায়। আবার খুব দ্রুতই কোথায় যেন হারিয়ে যায়। পর পর কয়েকবার এমন ঘটনা ঘটলে আমাদের সন্দেহ ২-এর পাতায় দেখুন

## গাংনীতে মাদক বিক্রিতে নিষেধ করায় ভাইকে মারধর



**গাংনী প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনীতে মাদক বিক্রিতে নিষেধ করায় মাদক ব্যবসায়ী ছেকেন্দার, তার ভাই এসকেন্দার ও স্ত্রী চায়না খাতুনের উপর্যুপরি বাঁশ ও লাঠির আঘাতে মিনারুল ইসলাম নামের একজন গুরুতর ভাবে আহত হয়েছেন। আহত মিনারুল ইসলাম মাইলমারী সর্দারপাড়ার মৃত ছহির উদ্দীনের ছেলে। শুক্রবার (৩০ জুন), বিকেল ৫ টার দিকে গাংনী উপজেলার মাইলমারী মন্ডলপাড়াতে এ ঘটনা ঘটে। এলাকাবাসী সূত্রে জানা যায়, মাইলমারী গ্রামের মন্ডলপাড়ার মৃত দবির উদ্দীনের ছেলে ছেকেন্দার আলী দীর্ঘদিন ধরে হেরোইন ও গাঁজাসহ বিভিন্ন ধরনের মাদক সেবন ও প্রকাশ্যে দিবালোকে বিক্রি করে আসছে। যা মাইলমারীসহ উপজেলার বিভিন্ন গ্রামে উঠতি বয়সের তরুণ থেকে শুরু করে বৃদ্ধ পর্যন্ত ক্রয় করে সেবন করে মরন নেশায় মেতেছে। অনেকে এখান থেকে হেরোইন ও গাঁজা ক্রয় করে বিভিন্ন এলাকায় বিক্রিও করে বলে অভিযোগ রয়েছে। গাঁজা ও হেরোইনের বড় বড় চালান রাতের আঁধারে রাজবাড়ীসহ দেশের বিভিন্ন এলাকাতেও বিভিন্ন কৌশলে পাঠানো হয়ে থাকে। মাদক বিক্রিতে নিষেধ করলে তার বাড়িতে মাদক রেখে পুলিশে ধরিয়ে দেবে এমন ভয়ও দেখানো হয়ে থাকে যে কারণে সাধারণ মানুষ প্রতিবাদ করার সাহস পাইনা। সকাল থেকে রাত অবধি দেদারসে ব্যবসা চালিয়ে যাচ্ছে ছেকেন্দার। যার কারণে ধ্বংসের দিকে ২-এর পাতায় দেখুন

## মোংলায় দুই যুবকের বিরুদ্ধে টেইলার্সকর্মীকে ধর্ষণ মামলা

**নিজস্ব প্রতিবেদক :** বাগেরহাটের মোংলায় এক টেইলার্সকর্মীকে ধর্ষণ ও ভিডিও ধারণের অভিযোগে মোঃ হাসান শিকদার (২৬) ও মোঃ রফিকুল (২৫) নামের দুই যুবকের বিরুদ্ধে মামলা হয়েছে। শনিবার (০১ জুলাই) রাতে নির্যাতনের স্বীকার ওই নারী বাদী হয়ে মোংলা থানায় এই মামলা দায়ের করেন। আসামীদের গ্রেপ্তার করতে পুলিশ অভিযান শুরু করেছে।

অভিযুক্ত মোঃ হাসান শিকদার মোংলা পৌর শহরের শেখ রাসেল সড়কের আশ্বাব আলীর ছেলে এবং মোঃ রফিকুল পার্শ্ববর্তী মোরশেদ সড়কের মান্নান মাস্টারের ছেলে।

মামলা সূত্রে জানাযায়, ঈদ উপলক্ষে গেল ২৮ জুন রাতে মোংলা শহরের একটি টেইলার্সের দোকানে বসে কাজ ২-এর পাতায় দেখুন



## রামপাল তাপবিদ্যুৎ কেন্দ্রের আর্থিং কপার ক্যাবলসহ আটক ১

**বাগেরহাট প্রতিনিধি :** বাগেরহাটের রামপালে বাংলাদেশ-ইন্ডিয়া ফ্রেন্ডশিপ পাওয়ার প্লান্টের অভ্যন্তরে লেবার গেট থেকে ৫০ কেজির অধিক আর্থিং কপার ক্যাবলসহ মো. পারভেজ শেখ (২৪) নামে চোর চক্রের এক সদস্যকে আটক করেছে ৩ আনসার ব্যাটালিয়নের রামপাল ক্যাম্পের সদস্যরা। সোমবার (৩ জুলাই) বেলা ৩টার দিকে ২-এর পাতায় দেখুন

## যশোরের ঝিকরগাছায় ভিজিএফের চাল আড়ৎ থেকে উদ্ধার



**যশোর প্রতিনিধি :** যশোরের ঝিকরগাছায় ভিজিএফের ১১ বস্তা চাল উদ্ধার করা হয়েছে। রবিবার উপজেলার ছুটিপুর জামতলা মোড়ে শফির আড়ৎ থেকে এ চাল উদ্ধার করা হয়।

জানা যায়, ঈদ উপলক্ষে গঙ্গানন্দপুর ইউনিয়নের দরিদ্রদের মধ্যে বিতরণের জন্য এসব চাল প্রদান করা হয়েছিলো। সেগুলো প্রদান না করে কালোবাজারে বিক্রির জন্য এ আড়তে নিয়ে আসা হয়েছে। এ সময় আড়তে আরো সরকারি তিনটি খালি বস্তা পাওয়া গেছে। আড়ৎদার শফিকুল ইসলামের দাবি, সকালে পরিষদের দফাদার নজরুল ইসলাম চালগুলো বিক্রির জন্য আড়তে রেখে গেছে। দফাদার নজরুল ইসলাম বলেন, ঈদ উপলক্ষে চেয়ারম্যান সাহেব আমাদের এ চাল দিয়েছেন। গঙ্গানন্দপুর ইউনিয়ন পরিষদের ৭ নম্বর ওয়ার্ডের সদস্য তালিমুল ইসলাম বলেন, ভিজিএফের চাল বিতরণ না করে বিক্রির উদ্দেশ্যে এখানে আনা হয়েছে। মহিলা সদস্য তানিয়া সুলতানা বলেন, বিতরণের দিন ২-এর পাতায় দেখুন



## বাগেরহাটে ১০ হাজার কৃষ্ণচূড়া গাছ রোপনের উদ্বোধন

**বাগেরহাট প্রতিনিধি :** বাগেরহাটে পর্যটন শিল্পের বিকাশে ও রক্ষনাবেক্ষনে ১০ হাজার কৃষ্ণচুড়া গাছের চাড়া রোপনের উদ্বোধন করেছেন বাগেরহাট জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুর রহমান। জেলা প্রশাসনের পরিকল্পনা ও বাস্তবায়নে সোমবার (৩ জুলাই) ২-এর পাতায় দেখুন

## বাগেরহাটে শিশু খাদ্যসহ বিপুল পরিমান নকল পণ্য জব্দ



**বাগেরহাট প্রতিনিধি :** বাগেরহাটে শিশু খাদ্যসহ দেশের নামি-দামি কোম্পানীর নকল আমের জুস, ট্যাংক, বিড়ি, গুলসহ বিপুল পরিমান নকল পণ্য জব্দ করা হয়েছে।

সোমবার (০৩ জুলাই) দুপুরে বাগেরহাট সদর উপজেলার চিতলী-বৈটপুর এলাকায় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর ও র‍্যাব-৬ এর যৌথ অভিযানে এসব পণ্য জব্দ করা হয়। এসময় গোডাউন ও দোকান মালিক চিতলি-বৈটপুর এলাকার বাসিন্দা আলামিন শেখ বাবু পালিয়ে গেলেও তার দোকান ও গোডাউনে থাকা দুই কর্মচারীকে দুই লাখ টাকা জরিমানা ও গোডাউনটি সিলগালা করে দেয়া হয়। পরে জব্দকৃত নকল ২-এর পাতায় দেখুন

## যশোরে মোটরসাইকেলের কাগজ দেখতে চাওয়ায় নারী পুলিশ সার্জেন্টের সাথে অসদাচরণ, যুবক আটক



**যশোর প্রতিনিধি :** যশোরে নারী পুলিশ সার্জেন্টের সাথে অসদাচরণ ও কর্তব্য কাজে বাঁধা দেয়ার অভিযোগে সোহেল তানভীর নামে এক যুবককে আটক করেছে পুলিশ। রবিবার সন্ধ্যা সাড়ে ছয়টার দিকে যশোর শহরের দড়াটানা ট্রাফিক চত্বর থেকে তাকে আটক করা হয়। আটক সোহেল তানভীর যশোর শহরের বেজপাড়া পিয়ারী মোহন রোড এলাকার আলী আকবরের ছেলে। এ ঘটনায় কোতোয়ালি মডেল থানায় নিয়মিত মামলা হয়েছে।

যশোর ট্রাফিক পুলিশের সার্জেন্ট অপান্বিতা বৈরাগী অভিযোগ করে বলেন, রবিবার সন্ধ্যার দিকে দায়িত্ব পালনকালে ২-এর পাতায় দেখুন

## নানা আয়োজনে চুয়াডাঙ্গায় এনটিভির ২১বছরে পদার্পণ উদযাপন



**নিজস্ব প্রতিবেদক :** 'সময়ের সাথে আগামীর পথে' শ্লোগানকে বুকে ধরে নানা আয়োজনে চুয়াডাঙ্গায় দেশের জনপ্রিয় স্যাটেলাইট টিভি চ্যানেল এনটিভির ২১বছরে পদার্পণ উদযাপন করা হয়েছে। এ উপলক্ষ্যে বর্ণাঢ্য শোভাযাত্রা, আলোচনা, কেককাটা অনুষ্ঠিত হয় এবং শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ করা হয়। সোমবার বেলা ১০টায় চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সামনে থেকে শোভাযাত্রা বের হয়ে শহর প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। এরপর প্রেসক্লাব মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা প্রশাসকের কার্যালয়ের অতিরিক্ত জেলা প্রশাসক শারমিন আক্তার। এনটিভির চুয়াডাঙ্গা প্রতিনিধি রফিকুল ইসলাম স্বাগত বক্তব্য রাখেন। সাংবাদিক রকিবুল ইসলামের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন ও সাধারণ সম্পাদক রাজীব হাসান কচি চুয়াডাঙ্গা জেলা আইনজীবী সমিতির সাবেক সভাপতি এম এম শাহজাহান মুকুল ও ২-এর পাতায় দেখুন

## শৃঙ্খলা পরিপন্থী কর্মকান্ডে শরীয়তপুরের নড়িয়া সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার সাময়িক বরখাস্ত



**নিজস্ব প্রতিবেদক :** শৃঙ্খলা পরিপন্থী কর্মকান্ডে জড়িত থাকার অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়ায় শরীয়তপুরের নড়িয়া সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার রাসেল মনিরকে সাময়িক বরখাস্ত করেছে স্বরাষ্ট্র মন্ত্রণালয়। সোমবার স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ থেকে এ সংক্রান্ত একটি প্রজ্ঞাপন জারি করা হয়। এতে সই করেছেন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোস্তাফিজুর রহমান। প্রজ্ঞাপনে বলা হয়েছে, রাসেল মনির, অতিরিক্ত পুলিশ সুপার, নড়িয়া সার্কেল, শরীযতপুর-এর বিরুদ্ধে শৃঙ্খলা পরিপন্থী কর্মকান্ড লিপ্ত হওয়ার ২-এর পাতায় দেখুন

## ছুরিকাঘাতে রাজমিস্ত্রির মৃত্যু, আটক ১

**নিজস্ব প্রতিবেদক :** বাগেরহাটে চোখে টর্চলাইট মারাকে কেন্দ্র করে বাকবিতন্ডার জেরে ছুরিকাঘাতে আনোয়ার মোল্লা (৩৮) নামের এক রাজমিস্ত্রির মৃত্যু হয়েছে। রবিবার (০২ জুলাই) রাতে কচুয়া উপজেলার মাঠ রাড়িপাড়া এলাকায় আব্বাস শেখ (৪৮) নামের এক ব্যক্তির ছুড়িকাঘাতে ওই রাজমিস্ত্রির মৃত্যু হয়। ছুরিকাঘাতকারী আব্বাস শেখকে আটক করে পুলিশে সোপর্দ করেছে স্থানীয়রা।

নিহত আনোয়ার মোল্লা মাঠরাড়িপাড়া এলাকার মৃত সোহরাব মোল্লার ছেলে। আটক ছুরিকাঘাতকারী আব্বাস শেখ উপজেলার চান্দেরখোলা গ্রামের মৃত আব্দুল ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহের বিষয়খালী বাজারে ৪ গাঁজাখোরের অর্থসহ কারাদন্ড



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে ৪ গাঁজাখোরের বিভিন্ন মেয়াদে অর্থসহ কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমান আদালতের বিচারক। সোমবার বিকালে বিষয়খালী বাজারে তাদেরকে কারাদন্ড দেন ভ্রাম্যমান আদালতের বিচারক ও জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট এস.এম নুরুন্নবী। কারাদন্ড প্রাপ্তরা হলো সদর উপজেলার মহারাজপুর ইউনিয়নের বিষয়খালী গ্রামের নুর আলীর ছেলে মিজানুর রহমান, কনুহরপুর গ্রামের গোলাম মোস্তফার ছেলে বাচ্চু মিয়া, বিষয়খালী গ্রামের আব্দুল মিয়ার ছেলে রুবেল মিয়া ও সুরাট ইউনিয়নের সুরাট গ্রামের রশিদ মোল্লার ছেলে সুজন মিয়া।

ভ্রাম্যমান আদালতের বিচারক এস.এম নুরুন্নবী জানান, বিষয়খালী বাজারে একদল যুবক গাঁজা সেবন করছে। এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালানো হয়। হাতেনাতে আটক করা হয় ৪ যুবকে। ভ্রাম্যমান আদালতের মাধ্যমে মিজানুর রহমানকে ৬ মাসের কারাদন্ড ও ৫'শ টাকা জরিমানা করা হয়। বাকী তিনজন বাচ্চু মিয়া, রুবেল মিয়া ও সুজন মিয়াকে ১৫দিনের কারাদন্ড ও ১শত টাকা জরিমানা করা হয়। পরে তাদেরকে জেল হাজতে প্রেরন করা হয় বলে তিনি আরো জানান।




সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।** । চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮**

# সম্পাদকীয়

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

## জলাবদ্ধতা ও জনদুর্ভোগের শেষ কোথায়?

বৃষ্টি হলে রাজধানীতে জলাবদ্ধতা যেন নিয়মে পরিণত হয়েছে। এ দুর্ভোগ থেকে উত্তরণের বিভিন্ন পরিকল্পনা গ্রহণ করা হলেও কোনোটাই কাজে আসছে না। গত শনিবার দুপুরের পর ভারি বৃষ্টিতে রাজধানীর বিভিন্ন এলাকার রাস্তা পানিতে ডুবে যায়। অনেক স্থানে ইঞ্জিনে পানি প্রবেশ করে গাড়ি বন্ধ হয়ে যায়। ঈদের ছুটির কারণে জলজটে তেমন যানজট তৈরি না হলেও ভোগান্তিতে পড়েন অফিসগামী ও পথচারীরা। সবচেয়ে বেশি দুর্ভোগে পড়েন বস্তিবাসী। ভারি বৃষ্টিতে রাজধানীর নিচু এলাকাসহ বেশ কিছু জায়গায় জমে যায় পানি। রাজধানীর হাতিরঝিল, কারওয়ানবাজার, কাকরাইল, শান্তিনগর, মালিবাগ, মৌচাক, বাড্ডা, রামপুরা, ধানমন্ডিসহ বেশ কিছু এলাকা পানিতে থইথই ছিল। অল্প সময়ের বৃষ্টিতেই রাজধানীবাসীকে এমন দুর্ভোগ পোহাতে হলে টানা বৃষ্টিতে নগরবাসীকে কী ধরনের দুর্ভোগে পড়তে হবে- তা ভেবে আতঙ্কিত হতে হয়। মৌসুমি বায়ু বাংলাদেশের ওপর সক্রিয় থাকায় ঢাকাসহ সারাদেশে বৃষ্টি হতে পারে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। এবার বর্ষাকাল হতে পারে প্রলম্বিত ও বৃষ্টিমুখর। বর্ষায় রাজধানীতে জলাবদ্ধতা ও জলজট সম্প্রসারণের ইঙ্গিত দিচ্ছে। ড্রেনেজ সিস্টেম উন্নত করাসহ প্রয়োজনীয় পদক্ষেপের অভাবে প্রতি বছরই ভারি বৃষ্টি হলে জলাবদ্ধতায় চরম দুর্ভোগ পোহাতে হয় রাজধানীবাসীকে। কিন্তু এ রকম পরিস্থিতি সৃষ্টি হলে সিটি করপোরেশনসহ সংশ্লিষ্ট বিভাগের কর্তাব্যক্তিরা কিছুটা তৎপর হলেও এক পর্যায়ে সব থেমে যায়। আবার ভারি বৃষ্টি হলে সবাই সরব হয়। বৃষ্টির পানি সরে যাওয়ার জন্য উপযুক্ত ড্রেন না থাকা এবং নিয়মিত ড্রেন পরিষ্কার না করাসহ নগরবাসীর অসচেতনতা এই জলাবদ্ধতার কারণ বলে মনে করি। তার ওপরে কুরবানি ঈদের ময়লা-আবর্জনা, বর্জ্য ড্রেনে ঢুকে পানি নিষ্কাশনের পথ অনেকটা রুদ্ধ হয়ে যাওয়ায় সহজে পানি সরছে না। এছাড়া রাজধানীর খালসহ বিভিন্ন জলাশয় এখনো বেদখলে রয়ে গেছে। পানি নিষ্কাশনের জায়গা না থাকার কারণেই সৃষ্টি হচ্ছে জলাবদ্ধতা। তাহলে এ পানি যাবে কোথায়? প্রাকৃতিকভাবে এ সমস্যা কমার সম্ভাবনা নেই। তবে ওয়াসা ও সিটি করপোরেশনের যে ড্রেনগুলো আছে সেগুলো সঠিকভাবে মেরামত করতে পারলে দুর্ভোগ কিছুটা কমবে। আন্ডারগ্রাউন্ড ও উপরিভাগে যে ড্রেনগুলো আছে সেগুলো রয়েছে পৃথকভাবে ঢাকা ওয়াসা ও সিটি করপোরেশনের অধীনে। এ দুই প্রতিষ্ঠানের কাজে অনেক সময় সমন্বয় হয় না। একে অন্যের ঘাড়ে দায় চাপানোর প্রবণতা দেখা যায়। একসময় ঢাকা শহরের বিভিন্ন এলাকা দিয়ে ৪৬টি ছোট-বড় খাল প্রবাহিত হতো, যা এই শহরের জলাবদ্ধতা নিরসনে দারুণভাবে সহায়ক ছিল। কিন্তু এখন ৪৬টির মধ্যে কোনো রকমে ২৬টির অস্তিত্ব খুঁজে পাওয়া যায়। এসব খালের গভীরতাও নেই, প্রশস্ততাও নেই। আমরা মনে করি, জলাবদ্ধতা নিরসনে রাজধানীর খালগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে সক্ষম। খালগুলো উদ্ধারে কর্তৃপক্ষকে আরো সোচ্চার হতে হবে। বিদ্যমান খালগুলো দখলমুক্ত ও খনন করে পানি প্রবাহ নিশ্চিত করতে হবে। খাল, ড্রেন পরিষ্কার রাখতে নগরবাসীকে দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। যেখানে-সেখানে ময়লা-আবর্জনা না ফেলে নির্দিষ্ট স্থানে ফেলতে হবে। জনগণকে সম্পৃক্ত করার লক্ষ্যে কর্তৃপক্ষের ব্যাপক প্রচার কার্যক্রম পরিচালনা করতে হবে। মনে রাখা দরকার, ঢাকার জলাবদ্ধতা দূরীকরণ কোনো সহজসাধ্য ও স্বল্প সময়ের কাজ নয়। এর জন্য দরকার সঠিক পরিকল্পনা, সঠিক সমন্বয় ও পরিকল্পিত কার্যক্রম।

## দর্শনায় ৩ কেজি গাঁজাসহ

বাড়িতে। পরে দর্শনা থানা পুলিশ বসত বাড়ীর উত্তর পার্শ্বে ভূট্টার গাদার নিচ থেকে বাজার করা ব্যাগের ভিতরে প্লাস্টিকে মোড়ানো তিন কেজি গাঁজা উদ্ধার করে। পুলিশ গাঁজা ব্যাবসায়ী আনিছুর রহমান (৪০) ও বিপ্লব মিয়াকে (২৫) কে গ্রেফতার করে। এ ঘটনায় এসআই ফজলু বাদী হয়ে দুজনের বিরুদ্ধে মাদক আইনে মামলা দায়ের করেছে। তাদের দুজনকে মামলাসহ চুয়াডাঙ্গা কোর্ট হাজতে প্রেরন করেছে।

## দারিয়াপুরে বর্তমান সরকারের

সাবেক ভাইস চেয়ারম্যান কামরুল হাসান চাদু, জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মইনুল ইসলামের সঞ্চালনায় পথসভায় বক্তব্য রাখেন আওয়ামী লীগ নেতা কুতুবউদ্দিন, টনিক বিশ্বাস, আহসানুল হক, মেহেরপুর জেলা পরিষদের সদস্য ইমতিয়াজ হোসেন মিরন, আব্দুর রেজা, মেহেরপুর জেলা যুবলীগের সাবেক সাধারণ সম্পাদক সাজ্জাদুল আলম ছাত্রলীগ নেতা শোভন সরকার প্রমুখ। পরে আওয়ামী লীগ নেতারা গণসংযোগ করেন। গণসংযোগ কালে বর্তমান সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড তুলে ধরেন।

## হরিণাকুন্ডুতে সরকারী চাল আত্মসাৎ

আইনজীবি ইসমাইল হোসেন জানান, গত ঈদুল ফিতর উপলক্ষ্যে গরিব অসহায় ও দুস্থ মানুষের মধ্যে বিনামূল্যে বিতরণে জন্য সরকারী বরাদ্দকৃত সমুদয় চাউল বিতরণ না করে গোডাউনে মজুদ রাখে হরিণাকুন্ডু উপজেলার তাহেরহুদা ইউপি চেয়ারম্যান। অসৎ উদ্দেশ্যে ভিজিএফ'র ৫০ কেজি ওজনের ৩৮ বস্তা চাউল ইউনিয়ন পরিষদের গোডাউনে মজুদ রাখায় সিলগালা করে হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী কর্মকর্তা। ইউপি চেয়ারম্যান মনজুর রাশেদ বিষয়টি নিয়ে সদুত্তর দিতে না পারায় ২০২৩ সালের ১মে তারিখে হরিণাকুন্ডু থানায় মামলা দায়ের করে প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা মফিজুর রহমান। যার নং-জিআর-৪০। ১৯৭৪ সালের দ্য স্পেশাল পাওয়ারস এ্যাক্ট এর ২৫ ধারায় মামলাটি হয়। মামলার পর চেয়ারম্যান মনজুর রাশেদ চলতি বছরের ৯ মে উচ্চ আদালত থেকে ৬ সপ্তাহের জামিন নেন। সেই সাথে উচ্চ আদালত ৬ সপ্তাহের মধ্যে নিম্ন আদালতে হাজির হয়ে জামিন নেওয়ার আদেশ দেন। আদালতের আদেশ অমান্য করে সোমবার নিম্ন আদালতে হাজির হলে আদালত জামিন মঞ্জুর না করে কারাগারে পাঠানোর নির্দেশ দেন।

## গাংনীতে কৃষকদের মাঝে বীজ

অধিদপ্তর উদ্যোগে আয়োজন করে। প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বীজ ও সার বিতরণের উদ্বোধন করেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক। এসময় উপস্থিত ছিলেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু। উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উপজেলা কৃষি অফিসার ইমরান হোসেন। এসময় উপস্থিত ছিলেন উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা আব্দুর রউফ।

## পরকীয়ার দায়ে পুলিশ কর্মকর্তার

সঙ্গে পরকীয়ায় জড়িয়ে পড়েন নিহার রঞ্জন। তার স্ত্রীর অভিযোগের ভিত্তিতে ২০১০ সালে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা দায়ের হয়। পরে তিনি স্ত্রীর সঙ্গে ১৫০ টাকার স্ট্যাম্পে সদাচারণের অঙ্গীকার করেন। এরপর আবারও ওই কর্মকর্তা পুলিশের এক নারী পরিদর্শকসহ একাধিক 'পরকীয়ায়' জড়িয়ে পড়েন। তাদের মধ্যে ফোনে কথোপকথন, ক্ষুদেবার্তা আদান-প্রদান, বিনা অনুমতিতে কর্মস্থলের বাইরে থাকা ও ভুয়া ট্যুর ডায়েরি দাখিল করার প্রমাণ পাওয়ায় নিহার রঞ্জনের বিরুদ্ধে বিভাগীয় মামলা হয়।

প্রজ্ঞাপনে বলা হয়, প্রথম দফায় কারণ দর্শানো নোটিশের জবাব না দেওয়ায় নিয়মানুযায়ী একজন অতিরিক্ত ডিআইজিকে তদন্ত কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হয়। পরে তিনি অভিযোগের প্রমাণ পান। এরপর তদন্ত প্রতিবেদন, দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের জবাব ও অন্যান্য গুরুত্বপূর্ণ কাগজ-পত্র পর্যালোচনায় তার বিরুদ্ধে অভিযোগ প্রমাণিত হয়। এসব কারণে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা-২০১৮ এর বিধি-৪(৩) এর উপ-বিধি (১)(ক) অনুযায়ী আগামী তিন বছরের জন্য 'নিম্নপদে অবনমিতকরণ' গুরুদণ্ড প্রদান করা হয়,' বলে প্রজ্ঞাপনে বলা হয়েছে।

## ঝিনাইদহে পাটক্ষেত থেকে

খবর দেয় এলাকাবাসী। পরে পুলিশ ঘটনাস্থল থেকে লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য সদর হাসপাতালের মর্গে পাঠায়।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ সোহেল রানা জানান, আড়ুয়াকান্দী গ্রামের মাঠে অজ্ঞাত ব্যক্তির গলা কাটা লাশ পড়ে আছে। এমন খবরে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। নিহতের লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালে মর্গে পাঠানো হয়েছে। নিহতের পরিচয় এখনও পাওয়া যায়নি, আমরা পরিচয় শনাক্তের চেষ্টা করছি।

## গাংনীতে প্রেমিকার আত্মহত্যার খবরে

রুবিনার বিয়ে দেয় তার পরিবারের লোকজন। রুবিনার মায়ের বাড়ি সূত্রে জানা গেছে, ঈদ-উল-আযহার পরের দিন থেকে রুবিনা ও তার স্বামী সবুজ তার মায়ের বাড়িতে অবস্থান করছিলেন। আজ সকালে রুবিনার থাকার ঘরের আড়ার সাথে ওড়না পেচিয়ে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করে। রুবি-নার মৃত্যুর খবর শুনে রিংকু বিষপান করে, রিংকু রুবিনার বাড়িতে হাজির হন। স্থানীয়রা রিংকুকে উদ্ধার করে বামন্দির স্থানীয় ক্লিনিকে নিয়ে যায় সেখানে অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালের রেফার করেন। রিংকুর গ্রাম সূত্রে জানা যায়, রিংকু ও রুবিনার মধ্যে দীর্ঘদিন প্রেম সম্পর্ক ছিল। রুবিনাকে জোরপূর্বক তার পরিবারের লোকজন দিয়ে দেয়। রুবিনা বিয়ের পর তার স্বামীকে মানতে না পারায় গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে বলে জানান তারা। মামলা তদন্তকারী কর্মকর্তা এসআই সইবুর রহমান জানান, এবিষয়ে একটি অপমৃত্যু মামলা রুজু করা হয়েছে। যার মামলা নং-২৮, তারিখঃ ০৩-০৭-২৩ ইং। মরদেহ উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে।

## যশোরে সাংবাদিককে পিটিয়ে রক্তাক্ত

শার্শা থানার অফিসার ইনচার্জ (ওসি) এসএম আকিকুল ইসলাম জানান, এ বিষয়ে থানায় একটি অভিযোগ দায়ের করা হয়েছে। এ নিয়ে আইনি প্রক্রিয়া চলমান রয়েছে। সাংবাদিক আসাদুর রহমানকে মারধরকারী সার্জেন্ট পুলিশ রফিককে ক্লোজের বিষয়টি নিশ্চিত করেছেন হাইওয়ে যশোর সার্কেলের সহকারী পুলিশ সুপার ইমরান হাশমি। তিনি বলেন, ঘটনার পরের দিন (২ জুলাই)তাকে ক্লোজড করা হয়েছে। বিষয়টি নিয়ে তদন্ত চলছে।

## রামপাল তাপবিদ্যুৎ কেন্দ্রের আর্থিং

প্লান্টের অভ্যন্তরে অভিযান চালিয়ে চোর চক্রের ওই সদস্যকে আটক করা হয়। এ সময় তার কাছ থেকে ৫০ কেজির অধিক আর্থিং কপার ক্যাবল জব্দ করে আনসার ব্যাটালিয়নের সদস্যরা। আটক মো. পারভেজ শেখ রামপাল উপজেলার প্রশাদনগর গ্রামের মোঃ জাফর শেখের ছেলে।

আনসার ব্যাটালিয়ন -৩ এর অধিনায়ক চন্দন দেবনাথ জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায়, সোমবার দুপুরের পর তাপ বিদ্যুৎ কেন্দ্রের ভেতর থেকে বিপুল তামার তার পাচার করা হবে। ওই সংবাদের ভিত্তিতে আভিযান চালিয়ে পারভেজ শেখ নামে এক ব্যক্তির কাজ থেকে ১০৭ পিস কপার ক্যাবল উদ্ধার করা হয়। ৫০ কেজির অধিক পরিমানে আর্থিং ক্যাবলের আনুমাণিক মূল্য পঞ্চাশ হাজার টাকা। তিনি আরও বলেন, এ জাতীয় রাষ্ট্রীয় সম্পদ চুরির সঙ্গে যারা জড়িত তাদের বিরুদ্ধে কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং ভবিষ্যতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে। জব্দকৃত মালামালসহ চোরকে রামপাল থানায় সোপর্দ করা ও মামলার কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে বলেও জানান তিনি। উল্লেখ্য,গত মে ২০২২খ্রি. হতে এ পর্যন্ত ৫৮টির অধিক অভিযানে প্রায় ৮৫ লক্ষ টাকার চোরাই মালামাল ও ৪৯ জন চোরাকারবারীকে আটক করা হয়েছে।

## মোংলায় দুই যুবকের বিরুদ্ধে

করছিলেন ওই নারী। এসময় মোঃ হাসান শিকদার ও মোঃ রফিকুল দোকানে প্রবেশ করে ওই নারীকে মারধর করে। এক পর্যায়ে তারা ওই নারীকে দোকানের পাশে নিয়ে যায়। সেখানে মোঃ হাসান শিকদার ওই নারীকে ধর্ষন করেছে এবং মোঃ রফিকুল ধর্ষণের ভিডিও করেছেন। অভিযুক্তদের অত্যাচারে মানসিক ও শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়েন ওই নারী।

মোংলা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ সামছউদ্দিন বলেন, ধর্ষণের অভিযোগে মামলা দায়ের হয়েছে। আসামীরা পলাতক রয়েছে। আসামীদের গ্রেপ্তার করতে পুলিশ অভিযান শুরু করেছে।

## গাংনীতে মাদক বিক্রিতে নিষেধ

যুব সমাজ। এবিষয়ে ইতিপূর্বে খবর প্রকাশ করলেও তাদেরকেউ বিভিন্ন ভাবে হুমকী ধামকী প্রদান করা হয়। অবশেষে এলাকা থেকে মাদক নির্মুল করতে উদ্যোগ নেন গ্রামের মিনারুল ইসলাম। ঈদুল আযহ্বর কয়েকদিন পূর্ব থেকেই এলাকায় মাদকাসক্তের উপস্থিতি দেখলেই তাদের ধাওয়া শুরু করে। যার পরিপ্রেক্ষিতে গত কয়েকদিন ধরে এলাকায় মাদকাসক্তদের আনাগোনা কমে যায়। কিন্তু ঈদের পূর্বের দিন থেকে আবারও বেড়ে যায় মাদকাসক্তদের আনাগোনা। মিনারুল ইসলামও আবার উঠে পড়ে তাদের ধাওয়া করতে। কিন্তু বিপত্তি ঘটে তখনই, যখন ছেকেন্দারের বাড়িতে আবারও দলে দলে প্রবেশ করতে শুরু করে মাদকাসক্তরা। এমতবস্থায় মিনারুল ছেকেন্দারের বাড়িতে মাদকাসক্তদের আসতে নিষেধ করায় রাগান্বিত হয়ে ছেকেন্দার, তার ভাই এসকেন্দার ও স্ত্রী চায়না টেনেহিঁচড়ে মিনারুলকে ঘরের মধ্যে নিয়ে বেধড়ক মারধর শুরু করে। এক পর্যায়ে মাথায় আঘাত করলে মিনারুল ইসলাম গুরুতর ভাবে আহত হন। পরে গুরুতর আহত অবস্থায় পরিবারের সদস্যরা উদ্ধার করে তাকে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। এদিকে মিনারুলের লোকজন ছেকেন্দারের বাড়িতে প্রবেশ করে মারধর, ফ্রিজ ভাংচুর ও গরু নিয়ে যাওয়ার অভিযোগ করলেও কথাকাজে গরমিল পাওয়া গেছে যা তাদের বক্তব্যে বোঝা যাবে। তবে এলাকালাবাসীরা মাদক ব্যবসা করে যুব সমাজকে ধ্বংসের হাত থেকে বাঁচানোর কথা বললেও মাদক ব্যবসায়ী ছেকেন্দারের ভয়ে মুখ খুলতে নারাজ। এহেন ঘটনায় দুপক্ষই গাংনী থানায় পৃথক পৃথক ভাবে অভিযোগ দায়ের করেছেন। বিষয়টি গুরুত্ব সহকারে তদন্ত সাপেক্ষে মাদক ব্যবসায়ী ছেকেন্দার, তার ভাই এসকেন্দার ও স্ত্রী চায়নাসহ সহযোগিদের আইনের আওতায় এনে কঠোর শাস্তির দাবী জানিয়েছেন অনেকেই, যদিও ক্যামেরার সামনে আসতে রাজি হয়নি। ভুক্তভোগী মিনারুল ইসলাম জানান, আমি মাদক নির্মূলে উদ্যোগ নেওয়ার পর ছেকেন্দার ব্যবসা মন্দা ভাব তৈরি হয়। প্রতি মাসে মাদক ব্যবসা করে ৪/৫ লাখ টাকা ইনকাম করলেও তা বন্ধ হওয়ার উপক্রম হওয়ায় আমাকে ঘরের ভিতর আটকে হত্যা চেষ্টা চালায়। কিন্তু আমি প্রাণে বেঁচে গেলেও এখন পর্যন্ত তারা আমার পরিবারের সদস্যদের হত্যাসহ বিভিন্ন হুমকী ধামকী অব্যাহত রেখেছেন। আমার ছেলেরা ভয়ে ভীতু হয়ে বাড়ির বাইরে বেরোনো বন্ধ করে দিয়ে ঘরবন্দী রয়েছেন। এ বিষয়ে মেহেরপুর জেলা প্রশাসক, পুলিশ সুপার, জেলা গোয়েন্দা শাখা, র‍্যাব, গাংনী থানা পুলিশসহ সংশ্লিষ্ট সকলের সুদৃষ্টি কামনা করেছেন তিনিসহ এলাকাবাসী। মাদকমুক্ত সমাজ গড়তে অনতিবিলম্বে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে দোষীদের কঠোর বিচারের আওতায় আনা হোক। যাতে করে এলাকায় নতুন করে আর কেউ মাদক ব্যবসা ও সেবন করতে সাহস না পাই। এবিষয়ে গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) আব্দুর রাজ্জাককে ফোন করা হলে তিনি ছুটি থেকে গত শনিবার এসেছেন। বিষয়টি সম্বন্ধে জেনে আইনানুগ ব্যবস্থা নেওয়ার কথা জানিয়েছেন।

## শৈলকুপায় শোবার ঘর থেকে

হয়। এরপর সকালে থেকেই ঘরের দুই পাশের টিন খুলে মাটির মেঝে খুড়তে শুরু করি । একপর্যায়ে সাপের বাচ্চা বের হতে থাকে। তাবে বড় কোন সাপ পাওয়া যায়নি। এগুলোকে একটি প্লাষ্টিকের বয়মে ভরে রাখা হয়েছে।

ওঝা চিত্ত দাশ জানান, এগুলো গোখরো সাপের বাচ্চা। যা খুবই বিষধর সাপ নামে এলাকায় পরিচিত। এগুলোর বয়স কমপক্ষে ১০ দিনতো হবেই। মানুষের নিরাপত্তার স্বার্থে এগুলো যেকানে সেখানে ছাড়া যাবেনা। আর আমাদের এখানে এদের ছেড়ে দেওয়ার মতো কোন জায়গাও নেই ।

## যশোরের ঝিকরগাছায় ভিজিএফের

প্রত্যেক গ্রামপুলিশকে ২০ কেজি করে চাল দেয়া হয়েছে এরপরও চেয়ারম্যান কিভাবে তাদেরকে চাল দিলেন। ইউনিয়নের দত্তপাড়া গ্রামের মতিউর রহমান বলেন, আমি একজন হতদরিদ্র মানুষ। আমাকে স্লিপ দেয়া হলেও চাল পাইনি। বিতরণের দিন দুপুরে পরিষদে গেলে আমাকে বলা হয় চাল বিতরণ শেষ। অথচ এখন এসব চাল কোথা থেকে এলো? ঘটনাস্থলে গঙ্গানন্দপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আমিনুর রহমান আমিন এসে বলেন, ঈদে দুস্থ দের মতো পরিষদের গ্রাম পুলিশদেরকেও চাল দেয়া হয়েছে তা তারা বিক্রি করেছে। তবে বিষয়টি মাতে নারাজ উপস্থিত ইউপি সদস্যরা।

এ বিষয়ে উপজেলা খাদ্য গুদাম কর্মকর্তা পলাশ আহমেদ বলেন, উপজেলা খাদ্য গুদাম থেকে সরবরাহ করা ১১ বস্তায় ভিজিএফের চাল ছুটিপুর জামতলা মোড়ে শফির আড়তে পাওয়া গেছে। বিষয়টি নিশ্চিত করে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা আশরাফুজ্জামান বলেন, উদ্ধারকৃত চাল সিলগালা করা হয়েছে। এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহবুবুল হক বলেন, ভিজিএফের চাল কেনা-বেচা দন্ডনীয় অপরাধ। তদন্তের মাধ্যমে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থ নেয়া হবে।

## বাগেরহাটে ১০ হাজার কৃষ্ণচূড়া

সকাল দশটার দিকে বাগেরহাট মুনিগঞ্জ সেতুর ঢালে দৃষ্ট নন্দন কয়েকটি কৃষ্ণচূড়া গাছের চারা রোপন করে এ কর্মসূচির উদ্বোধন করা হয়েছে।

এ সময় জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুর রহমান বলেন, এই মুনিগঞ্জ সেতুর দুই পারের কয়েক কিলোমিটার জুড়ে কৃষ্ণ গাছ লাগালে এলাকাটি এক সময়ে পর্যটন এলাকায় রুপ নেবে,বাড়বে কর্মসংস্থান। এ ছাড়াও বজ্রপাত রোধে জেলার ৯ উপজেলায় ১ লক্ষ তালের চাড়া রোপন করা হবে বলেও জানান তিনি। কৃষ্ণচূড়া গাছের চারা রোপনের উদ্বোধনী অনুষ্ঠানে জেলা ও সদর উপজেলা প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

## বাগেরহাটে শিশু খাদ্যসহ বিপুল

পণ্য সাধারনের সামনে ধ্বংস করা হয়। এ সময় র‍্যাব-৬ এর কোম্পানি কমান্ডার মোঃ বদরুদ্দোজা, ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর বাগেরহাটের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল ইমরান, বাগেরহাট জেলা কৃষি বিপণন কর্মকর্তা আব্দুস সালাম তরফদারসহ পুলিশ ও র‍্যাব-৬ এর অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন। ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর বাগেরহাটের সহকারী পরিচালক আব্দুল্লাহ আল ইমরান বলেন, সম্প্রতি দেশের নামি-দামি কোম্পানীর নকল পন্য বাগেরহাটের বিভিন্ন বাজারে দেখা যাচ্ছে এমন সংবাদের ভিত্তিতে প্রথমে চিতলি-বৈটপুর এলাকার বাসিন্দা আলামিন শেখ বাবু দোকানে অভিযান চালানো হয়। অভিযানের খবর পেয়ে দোকান ও গোডাউন মালিক বাবু পালিয়ে যায়। পরে তার দোকানে থাকা দুই কর্মচারীকে জিজ্ঞাসাবাদ করলে তারা গোডাউনের তথ্য দেয়। পরে তাদের দেয়া তথ্য অনুযায়ী গোডাউনে থাকা প্রায় অর্ধশতাধিক নকল পণ্য পাওয়া যায়। এ সময় দুই কর্মচারীকে দুই লাখ টাকা জরিমানা ও গোডাউনটি সিলগালা করে দেয়া হয়। পরে শিশু খাদ্যসহ প্রায় অর্ধশতাধিক নকল পণ্য ধ্বংস করা হয়।

## ছুরিকাঘাতে রাজমিস্ত্রির মৃত্যু

শেখের ছেলে। স্থানীয়রা জানান, আব্বাস খুবই দূরন্ত প্রকৃতির লোক। সব সময় তার কাছে ছুরি থাকে। আজকে তুচ্ছ ঘটনা নিয়ে ছুরিকাঘাত করে আনোয়ার মোল্লাকে মেরে ফেলেছে। এর আগেও কয়েকজনকে মারধর করার অভিযোগ রয়েছে আব্বাসের বিরুদ্ধে। কচুয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোঃ মনিরুল ইসলাম বলেন, চোখে লাইট মারাকে কেন্দ্র করে ছুরিকাঘাতে আনোয়ার মোল্লার মৃত্যু হয়েছে। ময়নাতদন্তের জন্য জেলা হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ছুরিকাঘাতকারী আব্বাস মোল্লাকে আটক করা হয়েছে। এ বিষয়ে মামলা দায়েরের প্রস্তুতি চলছে।

## শৃঙ্খলা পরিপন্থী কর্মকান্ডে

অভিযোগের প্রাথমিক সত্যতা পাওয়ায় সরকারি চাকরি আইন ২০১৮ এর ধারা ৩৯(১) এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর বিধি ১২(১) অনুযয়ী অভিযুক্তকে সরকারি চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা সমীচীন বিবেচিত হওয়ায় এতদ্বারা তাকে সরকারি চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। এতে আরও বলা হয়, তিনি বাংলাদেশ সার্ভিস রুল (বি.এস.আর) পার্ট-১, বিধি-৭১ মোতাবেক খোরপোশ ভাতা প্রাপ্য হবেন এবং জনস্বার্থে জারি করা এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

অভিযোগের বিষয়ে পত্রিকায় প্রকাশিত প্রতিবেদন থেকে জানা যায়, উচ্চ আদালত থেকে জামিন পাওয়া কয়েকজন আসামি ও তাদের স্বজনদের ওপর নির্যাতন চালিয়ে ৭২ লাখ টাকা নেওয়ার অভিযোগ উঠেছে দুই পুলিশ কর্মকর্তার বিরুদ্ধে। নড়িয়া সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার রাসেল মনির ও পদ্মা সেতু দক্ষিণ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ মোস্তাফিজুর রহমানের বিরুদ্ধে এ অভিযোগ করা হয়। ভুক্তভোগীর বড় ভাই আবু জাফর ঠান্ডু জেলা পুলিশ সুপার বরাবর অভিযোগ দায়ের করেন। এ ঘটনায় শরীয়তপুরের অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস্) মোহাম্মদ বদিউজ্জামানকে প্রধান করে তিন সদস্যের কমিটি করা হয়েছে। ঘটনায় অভিযুক্তদের সম্পৃক্ততা পেলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন শরীয়তপুরের পুলিশ সুপার।

পুলিশ, ভুক্তভোগী ও অভিযোগ সূত্রে জানা যায়, গত ২৩ মে দ্রুত বিচার আইনে পদ্মা সেতু দক্ষিণ থানায় একটি ছিনতাই মামলা হয়। মামলায় শরীয়তপুরের জাজিরা উপজেলার নাওডোবা আহম্মেদ চোকদার কান্দি এলাকার সাদ্দাম চোকদার, বকুল চোকদারসহ নয়জনকে আসামি করা হয়। সেই মামলায় ২৯ মে সাদ্দাম, বকুল, সাইদুল উচ্চ আদালত থেকে জামিনে বের হন। জামিনে আসার পর ৩০ মে রাতে তারা এ মামলার আরেক আসামি আনোয়ারকে নিয়ে ঢাকা কেরানীগঞ্জ সাদ্দামের বন্ধু আলমগীর চোকদারের বাসায় যান। ওইদিন রাতে তথ্য পেয়ে সেই বাসায় হাজির হন অতিরিক্ত পুলিশ সুপার রাসেল মনির ও ওসি মোস্তাফিজুর রহমান, জাজিরা উপজেলা ছাত্রলীগের সভাপতি রুবেল বেপারীসহ ১০/১২ পুলিশ সদস্য।

অভিযোগে বলা হয়, এ সময় সাদ্দাম তাদের জামিনের কাগজ দেখালে তা ছিঁড়ে ফেলেন অতিরিক্ত পুলিশ সুপার। পরে পুলিশ সাদ্দাম ও বকুলকে লাথি, কিল-ঘুষি, চড়-থাপ্পড়সহ পুলিশের লাঠি (ডান্ডা), কাঁঠ, হাতুড়ি দিয়ে বেধড়ক মারধর করে। একপর্যায়ে প্লাস দিয়ে হাত ও পায়ের নখ তুলে ফেলা হয়। সাদ্দাম পানি পান করতে চাইলে ছোট ভাই বকুলকে দাঁড় করিয়ে মুখে প্রস্রাব করতে বলেন অতিরিক্ত পুলিশ সুপার রাসেল মনির। পরে সাদ্দামের শরীরে প্রস্রাব করেন বকুল। এমন নির্যাতন চলে রাত ১টা থেকে পরদিন ৩১ মে সকাল ৮টা পর্যন্ত। অভিযোগে আরও বলা হয়, কিছুক্ষণ পর ওই চারজনকে গামছা ও কালো কাপড় দিয়ে চোখ বেঁধে গাড়িতে করে জাজিরা প্রান্তে পদ্মা সেতুর নিচে আনা হয়। পরে সাদ্দাম ও বকুল এবং সাইদুল ও আনোয়ারকে পৃথক দুই স্থানে নিয়ে যাওয়া হয়। অতিরিক্ত পুলিশ সুপার ও ওসি সাদ্দাম-বকুলকে বলেন, 'সাইদুল-আনোয়ারকে ক্রসফায়ার দিয়ে দিয়েছি। তোরা ৭২ লাখ টাকা দিবি, তা না হলে তোদেরও ক্রসফায়ার দিয়ে দেওয়া হবে'। এভাবে সারাদিন রেখে রাতে পদ্মা সেতু দক্ষিণ থানায় এনে ৭২ লাখ টাকা চাঁদা চেয়ে বেত ও কাঁঠ, কোদালের বাট, লাঠি দিয়ে আবার বেধড়ক মারা হয় সাদ্দাম ও বকুলকে। সারারাত চলে এ নির্যাতন। এরপর টাকার জন্য বকুলের স্ত্রী সানজিদা, দুই বছরের সন্তান, বাবা রশিদ চোকদার, মা রমেলা ও চাচাতো ভাই আবু জাফর ঠান্ডুকে থানায় এনে সারারাত আটকে রাখা হয় এবং শারীরিক নির্যাতন করা হয়। পরে আত্মীয়-স্বজনরা অতিরিক্ত পুলিশ সুপার ও ওসির কাছে পাঁচটি চেকের মাধ্যমে ৭২ লাখ টাকা দিলে নির্যাতন থেকে মুক্তি মেলে সাদ্দাম ও বকুলের। এ দু-দিন যন্ত্রণায় চিৎকার করলেও তাদের খাবার ও ওষুধ দেয়নি অতিরিক্ত পুলিশ সুপার ও ওসি।

## নানা আয়োজনে চুয়াডাঙ্গায়

বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি চুয়াডাঙ্গা ইউনিটের সেক্রেটারী শহিদুল ইসলাম শাহান বক্তব্য রাখেন। অন্যান্যের মধ্যে প্রথম আলোর সাংবাদিক শাহ আলম সনি, দৈনিক যুগান্তরের প্রতিনিধি আহাদ আলী মোল্লা, একুশে টেলিভিশনের প্রতিনিধি আতিয়ার রহমান, ডেইলি অবজারভারের প্রতিনিধি আবুল হাশেম, নাগরিক টেলিভিশনের প্রতিনিধি হুসাইন মালিক ও আরটিভির প্রতিনিধি জহির রায়হান বক্তব্য রাখেন। অনুষ্ঠানে পবিত্র কোরআন থেকে তেলওয়াত করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের ছাত্র হাসিবুল হাসান শিহাব। অনুষ্ঠানে সুশীল সমাজের প্রতিনিধি, সাংবাদিক ও ছাত্র-ছাত্রীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানের প্রধান অতিথি অতিরিক্ত জেলা প্রশাসক (ডিডিএলজি) শারমিন আক্তার বলেন, এনটিভির খবরের জন্য মানুষ অপেক্ষা করে বসে থাকতো। খবরের মান ভালো এবং নাটকগুলো প্রচারিত হয় মানসম্মত। নাটকগুলো পরিবারে সাথে বসে দেখা যায়। আমি প্রত্যাশা করবো আগামী দিনগুলো এনটিভি দর্শকদের চাহিদার কথা বিবেচনা করে আরো ভালো অনুষ্ঠান ও নাটক তৈরী করবে।

## যশোরে মোটরসাইকেলের কাগজ

সোহেল তানভীর মোটরসাইকেল চালিয়ে দড়াটানা আসে। এ সময় তার মাথায় হেলমেট ছিলো না, গাড়ির কাগজপত্রও সাথে ছিলো না। কাগজপত্র দেখতে চাইলে সে দুর্ব্যবহার করে। একপর্যায়ে ট্রাফিক কনস্টেবলের সাথে তর্ক-বিতর্ক করে ধাক্কাতে থাকে। এ সময় ব্যাপক হারে যানজট সৃষ্টি হয়। দড়াটানা মোড়ে লোকে লোকারণ্য হয়ে যায়। ফলে পুলিশের ভাবমূর্তি ক্ষুন্ন হয়। পরে বিষয়টি কোতোয়ালি থানা পুলিশকে জানালে পুলিশ তানভীরকে আটক করে। এ বিষয়ে জানতে চাইলে কোতোয়ালি থানার পরিদর্শক একেএম শফিকুল আলম চৌধুরী বলেন, এ ঘটনায় কোতোয়ালি থানায় নিয়মিত মামলা হয়েছে। তার বিরুদ্ধে আগে থানায় মাদক মামলা রয়েছে।

## খুলনাসহ তিন সিটির মেয়রকে

ইসলাম। সোমবার (৩ জুলাই) সকালে প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে শপথ গ্রহণ অনুষ্ঠান সম্পন্ন হয়। আগামী পাঁচ বছরের জন্য শপথ নিয়েছেন তারা। এর আগে, গত ২৫ মে গাজীপুর, ১২ জুন খুলনা ও বরিশাল এবং ২১ জুন রাজশাহী ও সিলেট সিটি কর্পোরেশন নির্বাচনে ভোটগ্রহণ হয়।

গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচনে চমক দেখিয়ে নির্বাচিত হন স্বতন্ত্র মেয়র প্রার্থী জায়েদা খাতুন। বৃহত্তম এ সিটির মেয়র নির্বাচনে ক্ষমতাসীন আওয়ামী লীগ সমর্থিত প্রার্থী অ্যাডভোকেট মো. আজমত উল্লা খানকে ১৬ হাজার ১৯৭ ভোটের ব্যবধানে হারিয়ে জয় ছিনিয়ে নেন তিনি। টেবিল ঘড়ি প্রতীক নিয়ে জায়েদা খাতুন পেয়েছিলেন ২ লাখ ৩৮ হাজার ৯৩৪ ভোট। নৌকা প্রতীক নিয়ে আজমত উল্লা খান পেয়েছিলেন ২ লাখ ২২ হাজার ৭৩৭ ভোট।

খুলনা সিটি কর্পোরেশন নির্বাচনে বিজয়ী হয়েছেন আওয়ামী লীগ মনোনীত মেয়র প্রার্থী তালুকদার আব্দুল খালেক। নিকটতম প্রতিদ্বন্দ্বী থেকে দ্বিগুণ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন তিনি। মোট ১ লাখ ৫৪ হাজার ৮২৫ ভোট পেয়েছেন খালেক। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী প্রার্থী ইসলামী আন্দোলন বাংলাদেশের মো. আব্দুল আউয়াল পেয়েছেন ৬০ হাজার ৬৪ ভোট।

বরিশাল সিটি কর্পোরেশন নির্বাচনে বিজয়ী হয়েছেন আওয়ামী লীগের নৌকা প্রতীকের মেয়র প্রার্থী আবুল খায়ের আব্দুল্লাহ খোকন সেরনিয়াবাত। নৌকা প্রতীকের মেয়র প্রার্থী আবুল খায়ের আব্দুল্লাহ খোকন সেরনিয়াবাত পেয়েছেন ৮৭ হাজার ৮০৮ ভোট। তার প্রতিদ্বন্দ্বী প্রার্থী ইসলামী আন্দোলনের হাতপাখা প্রতীকের মেয়র প্রার্থী মুফতি সৈয়দ মুহাম্মাদ ফয়জুল করীম পেয়েছেন ৩৩ হাজার ৮২৮ ভোট।

## মার্তিনেসের উপহার জার্সি

দেন বিশ্বকাপের গোল্ডেন গ-াভসজয়ী এই খেলোয়াড়।

আর মার্তিনেসকে প্রধানমন্ত্রী একটি নৌকা উপহার দেন বলে বিডিনিউজ টোয়েন্টিফোর ডটকমকে জানান তার প্রেসসচিব ইহসানুর করিম।

আর্জেন্টিনার বিশ্বকাপ জয়ে এই তারকা ফুটবলারের অবদানের প্রশংসা করে প্রধানমন্ত্রী বলেন, "আপনি আর্জেন্টিনার জন্য গৌরব নিয়ে এসেছেন। আমি আপনার সফলতা কামনা করি।" বাংলাদেশে ফুটবলের জনপ্রিয়তার তুলে ধরে শেখ হাসিনা বলেন, "ফুটবল সারা বিশ্বে জনপ্রিয়। বাংলাদেশিরাও ফুটবল উন্মাদ।" খেলাধুলার সঙ্গে পারিবারিক বন্ধনের কথাও মার্তিনেসকে বলেন বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনা। তিনি বলেন, "আমার বাবা এবং দাদা ফুটবল প্রেমিক ছিলেন।" ফুটবলসহ অন্যান্য খেলাধুলার প্রসারে উপজেলা পর্যায় পর্যন্ত মিনি স্টেডিয়াম করে দেওয়াসহ সরকারের নেওয়া বিভিন্ন উদ্যোগের কথা তুলে ধরেন শেখ হাসিনা।

## বিএনপি-জামায়াত মুদ্রার এপিঠ

হয়েছে। মুখে বলছে আন্দোলন। ভেতরে বিদেশী প্রভুদের নিয়ে সরকার পতনের ষড়যন্ত্র করছে। অতীতে বহু ষড়যন্ত্র মোকাবেলা করেছে আওয়া লীগ। এবার সকল ষড়যন্ত্র মোকাবেলা করে আগামী সংসদ নির্বাচনে জয়লাভ করবে আওয়ামী লীগ।

জামায়াত প্রশ্নে হানিফ বলেন, কথাবার্তা শুনে মনে হচ্ছে বিএনপি জামায়াতকে নিয়ে খুব অস্বস্তিতে আছে। বিএনপি ও জামায়াত মুদ্রার এপিঠ ওপিঠ। এই দুই দলের আলাদা হওয়ার সুযোগ নেই।

গতকাল সোমবার বেলা ১২টায় কুষ্টিয়া শহরে নিজ বাসভবনের সামনে একটি অনুষ্ঠানে যোগ দেবার আগে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন।

এসময় এনটিভির কুষ্টিয়া প্রতিবেদক সাবিনা ইয়াসমিন শ্যামলী, কুষ্টিয়া-৩ আসনের এমপি ব্যারিস্টার সেলিম আলতাব জর্জসহ গণমাধ্যমের কর্মী ও আওয়ামী লীগের স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

## কোরআন নিয়ে পুতিনের হুঁশিয়ারিতে

অন্য যেকোনও পবিত্র গ্রন্থের অবমাননাকে 'আপত্তিকর ও অসম্মানজনক আখ্যা দিয়েছে জোটটি।

অন্যদিকে ভবিষ্যতে বিশ্বের কোন দেশে যেন পবিত্র কোরআন অবমাননা করা না হয় তা নিশ্চিতে সংশ্লিষ্ট প্রশাসনকে পদক্ষেপ নেয়ার আহ্বান জানিয়েছে অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশন ওআইসি।

এদিকে বাকস্বাধীনতার নামে কোরআন অবমাননার সুযোগ দিয়ে সুইডিশ সরকার যখন গোটা মুসলিম বিশ্বের নিন্দার তীরে বিদ্ধ হচ্ছে, ঠিক তখন মুসলমানদের পাশে দাঁড়িয়েছেন রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। পবিত্র কোরআন বুকে জড়িয়ে তিনি বলেন, মুসলমানদের জন্য পবিত্র এই গ্রন্থ অবমাননা করা রাশিয়ায় গুরুতর অপরাধ।

রাশিয়ায় পবিত্র কোরআনের অসম্মান 'অপরাধ' হিসেবে বিবেচনা করা হয়। সুইডেনে পবিত্র কোরআন পোড়ানোর ইস্যু টেনে বুধবার, এ কথা বলেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। দেরবেন্ত শহরের জুমা মসজিদ পরিদর্শনকালে এ মন্তব্য করেন তিনি। এর মাধ্যমে, ধর্মীয় বিশ্বাস নিয়ে পশ্চিমাদের অসম্মানজনক কার্যক্রমের দিকে পুতিন ইঙ্গিত করেছেন।

## হজ পালন শেষে দেশে

হযরত শাহজালাল (রহ.) আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করে।

এ সময় মুক্তিযোদ্ধা মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক, পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন, কূটনৈতিক কোরের ডিন, তিন বাহিনীর প্রধানগণ, পুলিশ মহাপরিদর্শক এবং উর্ধ্বতন সামরিক ও বেসামরিক সামরিক কর্মকর্তারা রাষ্ট্রপতি সাহাবুদ্দিনকে স্বাগত জানান।

সৌদি সরকারের রাজকীয় মেহমান হিসেবে হজ পালনের জন্য ১০ দিনের সফরে সৌদি আরব যান রাষ্ট্রপতি ও তাঁর পরিবারের সদস্যরা।

রাষ্ট্রপতি সাহাবুদ্দিন পবিত্র হজের আনুষ্ঠানিকতার শেষ দিনে গত শুক্রবার রাতে মদিনা পৌঁছেন।

সেখান থেকে রাষ্ট্রপতি বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইটে (বিজি-৩৩৮) ৩ জুলাই ঢাকায় অবতরণ করেন।

এরআগে,রাষ্ট্রপ্রধান এবং তাঁর সহধর্মিনীকে মদিনার প্রিন্স মুহাম্মদ বিন আব্দুল আজিজ আন্তর্জাতিক বিমানবন্দরে মদিনার ডেপুটি গভর্নর ওহায়েব আল শেহলি, মদিনার রয়েল প্রোটোকলের প্রধান ইব্রাহিম আল বারী এবং সৌদি আরবে বাংলাদেশের রাষ্ট্রদূত মো. জাবেদ পাটোয়ারী বিদায় জানান।

## সিটি করপোরেশন নির্বাচন

সিটি করপোরেশন নির্বাচন অনুষ্ঠিত হয়েছে এবং দেশে গণতন্ত্র অব্যাহত থাকার কারণে জনগণ স্বতঃস্ফূর্তভাবে তাদের ভোট দিচ্ছে। আমরা প্রমাণ করেছি, আওয়ামী লীগ সরকারের অধীনে নির্বাচন অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ হতে পারে।" প্রধানমন্ত্রী তার কার্যালয়ের শাপলা হলে দুই সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র রাজশাহীর এএইচএম খায়রুজ্জামান লিটন ও সিলেটের আনোয়ারুজ্জামান চৌধুরীকে শপথবাক্য পাঠ করানোর সময় একথা বলেন।

প্রধানমন্ত্রী জনসাধারণকে সেবা প্রদান করে তাদের আকাঙ্ক্ষা পূরণে কাজ করে জনগণের আস্থা ও বিশ্বাস অর্জনের জন্য জনপ্রতিনিধিদের প্রতি আহ্বান জানিয়ে বলেন, তার সরকার শুধু নগরীতেই নয়, তৃণমূলেও উন্নয়ন নিশ্চিত করতে অগ্রাধিকার দিয়েছে। তিনি শিক্ষা, কৃষি ও স্বাস্থ্যসেবার সার্বিক উন্নয়নের কথা সংক্ষেপে তুলে ধরেন। নবনির্বাচিত মেয়র ও কাউন্সিলরদের উদ্দেশে তিনি বলেন, দেশের সার্বিক উন্নয়নে অবদান রাখুন। প্রধানমন্ত্রী রাজশাহীকে আধুনিক, সুন্দর ও পর্যটন নগরী হিসেবে গড়ে তোলার জন্য রাজশাহী সিটি মেয়রকে ধন্যবাদ জানান।

শেখ হাসিনা বলেন, তার সরকার সন্ত্রাস, জঙ্গিবাদ ও দুর্নীতির বিরুদ্ধে 'জিরো টলারেন্স' নীতি ঘোষণা করেছে। অন্যদিকে, বিএনপি-জামায়াত চক্র সন্ত্রাস ও দুর্নীতিকে পৃষ্ঠপোষকতা দিয়েছে। বিএনপি সরকার বাংলাদেশকে পাঁচবার দুর্নীতিতে বিশ্ব চ্যাম্পিয়ন করেছিল। তিনি বলেন, ১৯৭৫ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যার পর ভোটাধিকারও কেড়ে নেয়া হয়েছিল।

শেখ হাসিনা বলেন, বাংলাদেশ ক্ষমতার বিকেন্দ্রীকরণ প্রত্যক্ষ করেছিল যখন বঙ্গবন্ধু তৎকালীন মহকুমাগুলোকে জেলায় পরিণত করেছিলেন এবং জেলাগুলির সার্বিক উন্নয়ন তদারকি করার জন্য জেলা গভর্নর নিয়োগ করেছিলেন। প্রধানমন্ত্রী রাজশাহী ও সিলেটের আরও উন্নয়নের ওপর গুরুত্বারোপ করে, সিলেট ও রাজশাহীতে নিরক্ষরতা ও বেকারত্ব দূর করতে সংশ্লিষ্ট জনপ্রতিনিধিদের প্রতি আহ্বান জানান। তিনি দেশের প্রতিটি প্রান্তে উন্নয়ন নিশ্চিত করতে জনপ্রতিনিধিদের সে অনুযায়ী কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, তার সরকার গৃহহীন ও ভূমিহীনদের বিনামূল্যে ঘর দিচ্ছে। জাতির পিতা শেখ মুজিবুর রহমানের দেশে কেউ গৃহহীন ও ভূমিহীন থাকবে না।

পরে সাধারণ ওয়ার্ডের ৭৬ জন নবনির্বাচিত কাউন্সিলর এবং দুই সিটি করপোরেশনের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলররাও একই স্থানে শপথ নেন। এর মধ্যে রাজশাহীর ৪০ জন এবং সিলেটের ৩৬ জন কাউন্সিলর।স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রী মোঃ তাজুল ইসলাম কাউন্সিলরদের শপথ বাক্য পাঠ করান। শপথ অনুষ্ঠান পরিচালনা করেন স্থানীয় সরকার বিভাগের সচিব মুহাম্মদ ইব্রাহিম। এলজিআরডি ও সমবায় প্রতিমন্ত্রী স্বপন ভট্টাচার্য এ সময় মঞ্চে উপস্থিত ছিলেন।

গত ২১ জুন রাজশাহী সিটি কর্পোরেশন নির্বাচনে আওয়ামী লীগের মেয়র প্রার্থী এএইচএম খায়রুজ্জামান লিটন ১৬০,২৯০ ভোট পেয়ে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ইসলামী আন্দোলন বাংলাদেশের মোঃ মুর্শিদ আলমকে পরাজিত করেন, যিনি মাত্র ১৩,৪৮৩ ভোট পেয়েছেন। একই দিনে সিলেট সিটি করপোরেশন নির্বাচনে আওয়ামী লীগের মেয়র প্রার্থী আনোয়ারুজ্জামান চৌধুরী ১১৮,৬১৪ ভোট পেয়ে জয়ী হন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী জাতীয় পার্টির নজরুল ইসলাম বাবু ৫০,৩২১ ভোট পেয়ে পরাজিত হয়েছেন।

## রাজধানীতে ফিরছে মানুষ

ঈদের ছুটিতে বাড়ি যেতে পারেননি তারা ঈদের পরদিন থেকে ঢাকা ছাড়তে শুরু করেন। এরই ধারাবাহিকতায় গতকাল সোমবারও ট্রেনে ঢাকা ছাড়তে দেখা যায় অনেককে। কমলাপুরে এখনো ঘরমুখো যাত্রীদের ভিড় রয়েছে। ঈদের ছুটিতে কেউ কাজের চাপে, কেউ ছোট বাচ্চার কারণে, কেউ আবার অসুস্থতা কিংবা অন্য কোনো কারণেই গ্রামে যেতে পারেননি। তাই ঈদের পর অনেকেই যাচ্ছেন গ্রামের বাড়ি। সরেজমিনে দেখা যায়, কমলাপুরে ঢাকা রেলওয়ে স্টেশনের কাউন্টারে টিকিট কাটছেন যাত্রীরা। টিকিট কেটে লাইন ধরে প্ল্যাটফর্মে ঢুকছেন আর টিকিট দেখে প্রবেশ করতে দিচ্ছেন স্টেশনের দায়িত্বরত ব্যক্তিরা। এদিন একতা এক্সপ্রেস, জামালপুর এক্সপ্রেস, কিশোরগঞ্জ এক্সপ্রেস, জয়ন্তিকা এক্সপ্রেস, অগ্নিবীণা এক্সপ্রেসসহ বেশ কয়েকটি ট্রেনের যাত্রীদের প্ল্যাটফর্মে অপেক্ষা করতে দেখা যায়।

## গাংনীতে বিষপাতে আত্মহত্যার চেষ্টা

স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগে কর্মরত চিকিৎসক মাসুদ জানান, সীমা আক্তারের অবস্থা খারাপ হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

## রাজনীতিতে আসছে চমক!

উদ্ভূত রাজনৈতিক সঙ্কট সমাধান করা সম্ভব। যে কারণে সাম্প্রতিক সময়ে 'সংলাপ' শব্দটি আবারও আলোচনায় এসেছে, এ নিয়ে চলছে নানা আলাপ-আলোচনাও। বিএনপি এবং আওয়ামী লীগের নেতৃস্থানীয় নেতারাও ইতিমধ্যে 'সংলাপ' নিয়ে বিভিন্ন ধরনের বক্তৃতা করেছেন।

তবে নির্বাচনকালীন সরকার ব্যবস্থা নিয়ে যার যার অবস্থানে অনড় রয়েছে আওয়ামী লীগ ও বিএনপি। দুই পক্ষের পাল্টাপাল্টি এই অবস্থান রাজনৈতিক সঙ্কটকে আরও ঘণীভূত করছে বলেই মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা। তারা বলছেন, এমন পরিস্থিতিতে আলোচনা বা 'সংলাপ'র বিষয়টি আবার সামনে এসেছে। তবে সেই আলোচনার উদ্যোগ কে নেবে, এই প্রশ্নটি এখন বড় হয়ে উঠেছে?

এদিকে সরকারের সঙ্গে কোনো ধরনের আলোচনা না করার কথা বলে আসছে বিএনপি। দলটি রাজপথেই ফয়সালার কথা বলছে। তবে গত শনিবার সাংবাদিকদের সঙ্গে অনানুষ্ঠানিক মতবিনিময়ে মির্জা ফখরুল ইসলাম আলমগীরকে কিছুটা নমনীয় ভূমিকায় দেখা গেছে। তিনি বলেছেন, 'রাজনৈতিক সংকট মোকাবিলায় সরকারকেই সব রাজনৈতিক দলের সঙ্গে আলোচনা করে একটা পথ বের করতে হবে।' বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলামের এই বক্তব্যে- দলটির আগের অবস্থান থেকে কিছুটা সরে এসেছে বলেই মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা।

অন্যদিকে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের গতকাল রোববার সচিবালয়ে এক সাংবাদিকের প্রশ্নের জবাবে বলেছেন, 'মির্জা ফখরুলকে জিজ্ঞেস করেন, তাঁরা সংলাপ করতে রাজি আছেন কি না। এরপর আমরা বিবেচনা করব। কারণ, আমাদের রাষ্ট্রপতি একবার ডেকেছিলেন, নির্বাচন কমিশন দুইবার তাঁদের ডেকেছে, তাঁরা আসেননি। তাঁদের মনোভাবটা (অ্যাটিচিউড) কী, সেটা আগে জানান।'

## ভূমি অধিগ্রহণ, গাড়ি, জাহাজ

বরাদ্দে সর্বোচ্চ ৮০ শতাংশ খরচ করা যাবে বলেও নির্দেশনায় বলা হয়।

অর্থ বিভাগের উপ-সচিব আনিসুজ্জামান স্বাক্ষরিত এ পরিপত্রে বলা হয়, চলমান বৈশ্বিক অর্থনৈতিক অবস্থার প্রেক্ষাপটে সরকারি ব্যয়ে কৃচ্ছ্রসাধনের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থবছরে সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য প্রতিষ্ঠান এবং আওতাধীন অধিদপ্তর/পরিদপ্তর/দপ্তর, স্বায়ত্তশাসিত/আধা-স্বায়ত্তশাসিত সংস্থা, পাবলিক সেক্টর কর্পোরেশন, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানি ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালন ও উন্নয়ন বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ বায়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছে। এর মধ্যে রয়েছে, চলতি ২০২৩-২৪ অর্থবছরে পরিচালন বাজেটের আওতায় অর্থনৈতিক কোডসমূহে বরাদ্দকৃত অর্থ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে: (১) বিদ্যুৎ খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৭৫ শতাংশ, পেট্রোল, ওয়েল ও লুব্রিকেন্ট ও গ্যাস ও জ্বালানি খাতে বরাদ্দকৃত অর্থের সর্বোচ্চ ৮০ শতাংশ। সকল আবাসিক ভবন, অনাবাসিক ভবন এবং অন্যান্য ভবন ও স্থাপনা খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে। সকল প্রকার মোটরযান, জলযান ও আকাশযান খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে। তবে ১০ বছরের অধিক পুরনো মোটরযান প্রতিস্থাপনের ক্ষেত্রে অর্থ বিভাগের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে এবং ভূমি অধিগ্রহণ খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে ।

উপরের খাতের বরাদ্দকৃত অর্থ অন্য কোনো খাতে এবং অন্য কোনো খাত হতে এসব খাতে পুনঃ উপযোজন করা যাবে না।

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com





# ঝিনাইদহে একক নাটক 'খুড়িমা' পরিবেশিত

**ঝিনাইদহ প্রতিনিধি :** দুই বাংলার সাংস্কৃতিক বিনিময় ও সম্প্রীতির মেলবন্ধন উপলক্ষে ঝিনাইদহে পরিবেশিত হয়েছে একক নাটক 'খুড়িমা'। সোমবার সন্ধ্যায় শহরের প্রান্তিক সাংস্কৃতিক পল্লী ও শিশু পার্ক মিলনায়তনে এ নাটক পরিবেশিত হয়। ভারতের পশ্চিমবঙ্গের হাওড়া কথক পারফর্মিং রেপার্টয়্যার প্রয়োজিত মুন্সী প্রেমচন্দ'র বুড়ি কাকী অবলম্বনে নির্মিত নাটক খুড়িমা অভিয়ন করেন পশ্চিমবঙ্গের নাট্যশিল্পী কৃতি মজুমদার। নাটকে ফুটিয়ে তোলা হয়েছে বর্তমান সমাজ ব্যবস্থায় অসহায়দের নির্যাতন। সমাজের প্রভাবশালী বিত্তবানদের অন্যায় অপরাধ। সেই সাথে তুলে ধরা হয়েছে একজন সর্ত্তোর্ধ নারী জীবন সংগ্রাম। সকল অন্যায় অপরাধ থেকে নিজেদের বাচিঁয়ে নিজের অবস্থান ধরে রাখা। সৌরভগুপ্তের রচিত ৪৫ মিনিটের এই একক নাটক উপভোগ করে ঝিনাইদহের নানা শ্রেণী পেশার মানুষ।

নাটক শেষে মুল্যায়ন সভায় নাড়িকেলবাড়ীয়া ডিগ্রি কলেজের উপ-অধ্যক্ষ আব্দুস সালাম, অংকুর নাট্য একাডেমীর সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস, সিও সংস্থার নির্বাহী পরিচালক শামসুল আলম, জেলা নাট্য সমন্বয় পরিষদের সভাপতি রুবেল পারভেজ, প্রভাষক বাবুল আক্তার লাল্টু, দিপায়ন'র সাধারণ সম্পাদক বিএম আনোয়ার হোসেন, অংকুর নাট্য একাডেমী আজীবন সদস্য অঞ্জলী রায়, জামাল হোসেন প্রমুখ।



# শপথ অনুষ্ঠানে মায়ের পাশে জাহাঙ্গীর

**নিজস্ব প্রতিবেদক :** গাজীপুর সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র জায়েদা খাতুন শপথ নিয়েছেন। এসময় তার পাশে ছিলেন ছেলে জাহাঙ্গীর আলম। গতাকল সোমবার প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে এই শপথ অনুষ্ঠান হয়। জাতীয় সংবাদ সংস্থা বাসসের ছবিতে দেখা যায়, শাপলা হলের এই অনুষ্ঠানে শপথ নেয়ার সময় গাজীপুর সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র জায়েদা খাতুনের পাশে তার ছেলে জাহাঙ্গীর বসে আছেন।

উল্লেখ্য, গত ২৫ মে গাজীপুর সিটি করপোরেশন নির্বাচনে মেয়রপ্রার্থী হতে আওয়ামী লীগের মনোনয়ন চেয়েছিলেন জাহাঙ্গীর। কিন্তু দল গাজীপুর মহানগর আওয়ামী লীগের সভাপতি আজমত উল্লা খানকে মনোনয়ন দেয়। পরে স্বতন্ত্র মেয়রপ্রার্থী হতে মনোনয়নপত্র সংগ্রহ করেছিলেন জাহাঙ্গীর। পাশাপাশি তার মা জায়েদা খাতুনের নামেও মনোনয়নপত্র সংগ্রহ করা হয়েছিল। ঋণখেলাপির জামিনদার হওয়ায় জাহাঙ্গীরের প্রার্থিতা শেষ পর্যন্ত বাতিল হয়ে যায়। পরে নির্বাচন করে ২ লাখ ৩৮ হাজার ৯৩৪ ভোট পেয়ে জয়ী হন। জায়েদা খাতুন। তার নির্বাচনী কার্যক্রমে প্রধান সমন্বয়কারীর দায়িত্ব পালন করেন জাহাঙ্গীর।



# মার্টিনেজের আন্তরিকতায় মুগ্ধ মাশরাফি

**ক্রীড়া প্রতিবেদক :** ১১ ঘন্টার সফরে আজ সকালে বাংলাদেশে এসেছেন আর্জেন্টিনার বিশ্বকাপজয়ী গোলরক্ষক এমিলিয়ানো মার্টিনেজ। তাকে নিয়ে আসা আয়োজকদের পক্ষ থেকে সাধারণ মানুষের জন্য কোনো আয়োজন নেই। তবে নিজেদের প্রতিষ্ঠানে আয়োজিত এক অনুষ্ঠানে বেশ কিছু অতিথিদের আমন্ত্রণ জানিয়েছিলো তারা। যেখানে জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক মাশরাফি বিন মুর্তজা ও তার পরিবারও ছিলেন।

মার্টিনেজের সঙ্গে দেখা করে তার আন্তরিকতায় মুগ্ধ মাশরাফি। এ সময় তার ছেলে ও মেয়েকে অটোগ্রাফ ও তাদের সঙ্গে ছবি তোলেন মার্টিনেজ। এরপর মাশরাফি ফেসবুকে নিজের ভেরিফায়েড পেজে মার্টিনেজের সঙ্গে দেখা করার অভিজ্ঞতা সবার সঙ্গে ভাগাভাগি করেন।

মাশরাফি লিখেন, 'এমিকে ভালো লাগার শুরু কোপা আমেরিকা থেকেই, যেখানে সে টাইব্রেকারে দুটি গোল আটকে দিয়ে দলকে জয় এনে দিল। কত বছর পর বড় কোনো শিরোপা জিতল আর্জেন্টিনা! লিওনেল মেসিও পেল দেশের হয়ে প্রথম বড় ট্রফির স্বাদ। স্বাভাবিকভাবেই পাখির চোখে তাকিয়ে ছিলাম বিশ্বকাপের দিকে। কিন্তু সৌদি আরবের সাথে হেরে মনে হয়েছিল, আরেকটি বিশ্বকাপও হয়তো শেষ হবে হতাশায়। কিন্তু অবিশ্বাস্যভাবে ঘুরে দাঁড়ানো এবং পরে বিশ্বকাপ জয় দেখতে পারাটা ছিল অনেক দিনের লালিত স্বপ্ন পূরণের মতো।'

তিনি লিখেন, 'সেই জয়ের অন্যতম নায়ক এমির সঙ্গে দেখা হলো আমাদের এই ঢাকায়।

খুব অল্প সময়ের জন্য দেখা, কিন্তু দারুণ এক অনুভূতি। বিশ্বকাপ জয়ী দলের গোলকিপার চোখের সামনে! সে তো জানে না, আমার এবং আমার মতো আরও কত কোটি মানুষের কত বছরের অপেক্ষা শেষ হলো, যেদিন তার ঐ হাত ধরেই আর্জেন্টিনা বিশ্বকাপ জয় করল! আজকে সে ইন্টারভিউয়ের মাঝেই একবার ট্রাউজার উঠিয়ে দেখাল, পায়ের ঠিক সেই জায়গায় একটি ট্যাটু করিয়েছে, বিশ্বকাপ ফাইনালে শেষ বাঁশির ১৮ সেকেন্ড আগে কোলো মুয়ানির শটটি আটকিয়ে দিয়েছিল যে জায়গা দিয়ে। এক সেকেন্ডের জন্য মনে হলো, আসলে বিশ্বকাপটাতো ওখানেই জিতে নিয়েছে।'

মাশরাফি আরও লিখেন, 'আজকে আসলে বেশি ভালো লাগছে আমার সন্তানদের জন্য।

# প্রকাশিত সংবাদের প্রতিবাদ

গত ২৬জুন ২০২৩ইং তারিখে স্থানীয় **দৈনিক বীর জনতা** পত্রিকায় "ঝিনাইদহ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালতের নাজির সোহেল রানার বিরুদ্ধে নিলাম জালিয়াতির অভিযোগ দুদকে" শিরোনামে প্রকাশিত সংবাদটি আমার দৃষ্টি গোচর হয়েছে।

এই প্রকাশিত খবরে যা উল্লেখ করা হয়েছে তা সম্পূর্ণ মিথ্যা, বানোয়াট ও উদ্দেশ্য প্রণোদিত। একটি মহল আমাকে সামাজিকভাবে হেয় প্রতিপন্ন করার জন্য দুদক সহ অন্যান্য দপ্তরে আমার বিরুদ্ধে যে অভিযোগ দায়ের করেছেন এবং অভিযোগে যাদের নাম রয়েছে তারা কেউই এই অভিযোগ দায়েরের সাথে জড়িত নয় এবং কেউই উক্ত অভিযোগ পত্রে স্বাক্ষর করেননি। কে বা কাহারা হিংসার বশবর্তী হয়ে সম্পূর্ণ অন্যের স্বাক্ষর জালিয়াতি করে মিথ্যা অভিযোগ দায়ের করেছেন। যার আদৌ কোন সত্যতা নেই। এই অসত্য সংবাদটি প্রকাশের তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।

**মোঃ সোহেল রানা**
**নাজির,**
**চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, ঝিনাইদহ।**

# সাগরের উষ্ণতার নতুন রেকর্ড, বিশ্বজুড়ে বাড়ছে বৈরি আবহাওয়া



**আন্তর্জাতিক ডেস্ক :** গবেষকরা বলছেন, তারা হঠাৎ করেই বিশ্বজুড়ে সমুদ্রপৃষ্ঠের তাপমাত্রার ঊর্ধ্বগতি দেখতে পাচ্ছেন। উত্তর আটলান্টিক মহাসাগরের তাপমাত্রা স্বাভাবিক তাপমাত্রার চেয়ে ৫ ডিগ্রি সেন্টিগ্রেড (৯ ডিগ্রি ফারেনহাইট) বেড়েছে এবং এটি আরো বাড়তে পারে। প্রতি বছর সাগরের উষ্ণতা বৃদ্ধিতে বিজ্ঞানীরা বলছেন, সারা বিশ্বে বৈরি আবহাওয়ার ধারা দেখা যাচ্ছে, যার মধ্যে আছে তুমুল বৃষ্টিপাত ও অতিরিক্ত তাপদাহ, যার ফলে বন্যা ও চরম খরার সৃষ্টি হচ্ছে। জলবায়ু বিজ্ঞানীরা উষ্ণতা বেড়ে যাওয়ার পেছনে মূলত তথাকথিত গ্রিনহাউজ গ্যাসকে দায়ী করেন এবং জানান, এর সবচেয়ে ভয়াবহ পরিণতি ঠেকাতে হলে ২০৩০ সালের মধ্যে জীবাশ্মভিত্তিক জ্বালানির ব্যবহার অর্ধেকে নামিয়ে আনতে হবে। সাম্প্রতিকতম উষ্ণতা বৃদ্ধির কারণে ব্রিটিশ দ্বীপপুঞ্জের সমুদ্রে গত ১৭০ বছরের মধ্যে সবচেয়ে ভয়াবহ পর্যায়ের তাপদাহ দেখা গেছে। যুক্তরাজ্যের জাতীয় আবহাওয়া সংস্থা মেট অফিস এই তথ্য জানিয়েছে। পৃথিবীর ৭০ ভাগ অংশজুড়ে আছে সমুদ্র, যা আবহাওয়ার ওপর বড় প্রভাব ফেলে। আর্থ সিস্টেম সায়েন্স ডাটা জার্নালে এপ্রিলে প্রকাশিত এক সমীক্ষায় সতর্ক করা হয়, আগের ধারণার চেয়ে অনেক বেশি দ্রুত গতিতে সমুদ্রগুলো উষ্ণ হচ্ছে। যার ফলে বৈরি আবহাওয়া, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি ও সামুদ্রিক ইকো সিস্টেম ধ্বংস হওয়ার ঝুঁকি আরো বেড়েছে। এমন কী, সমুদ্রপৃষ্ঠের তাপমাত্রা সামান্য বাড়লেও এর সুদূরপ্রসারী প্রভাব থাকতে পারে, যার মধ্যে আছে প্রবালের রঙ বদলে যাওয়া ও আরো তীব্রতর হারিকেন ঝড়ের সূত্রপাত।

ইতোমধ্যে গুরুতর পরিস্থিতির আরো অবনতি হয়েছে এল নিনো সৃষ্টি হওয়ায়। এটি বছরের পরবর্তী অংশে আরো বৈরি আবহাওয়ার জন্ম দিতে পারে। প্রশান্ত মহাসাগরের কেন্দ্রীয় ও পূর্ব অঞ্চলে সমুদ্র পৃষ্ঠের উষ্ণতা বৃদ্ধিকে এল নিনো বলা হয়ে থাকে। বিজ্ঞানীরা বলে থাকেন, বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির কারণে এল নিনো তৈরি হয়নি, কিন্তু এর কারণে এর তীব্রতা বেড়ে যেতে পারে।

সূত্র : ভয়েস অব আমেরিকা

# আসছে বিশ্বের প্রথম উড়ন্ত গাড়ি 'মডেল এ'

**আন্তর্জাতিক ডেস্ক :** রূপকথা বা বিজ্ঞানের কোনোও কল্পকাহিনী নয়, একেবারে বাস্তবেই উড়ন্ত গাড়ি বা ফ্লাইং কার বাজারে নিয়ে আসতে যাচ্ছে যুক্তরাষ্ট্র। সম্প্রতি বিশ্বের প্রথম উড়ন্ত গাড়িকে বাজারে আনার জন্য অনুমোদন দিয়েছে আমেরিকার বেসামরিক বিমান পরিবহণ নিয়ন্ত্রক সংস্থা ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন (এফএএ)। যুক্তরাষ্ট্রের সংবাদ মাধ্যম ইউএসএ টুডে জানিয়েছে, চলতি বছর জুনে মার্কিন বিমান প্রস্তুতকারক প্রতিষ্ঠান আলেফ অ্যারোনটিক্সের 'মডেল এ' নামক ফ্লাইং কারকে পরীক্ষামুলকভাবে ওড়ার জন্য ছাড়পত্র দিয়েছে ফেডারেল এভিয়েশন অ্যাডমিনিস্ট্রেশন (এফএএ)। ২০২৫ সালের শেষের দিকে বাজারে আসছে গাড়িটি। আলেফ অ্যারোনটিক্স জানিয়েছে অনুমোদিত উড়ন্ত গাড়িটি শতভাগ বৈদ্যুতিক। সবকিছু ঠিকঠাক থাকলে দুই বছর পর অর্থাৎ আগামী ২০২৫ সালে 'মডেল এ' নামক এই উড়ন্ত গাড়িকে বাজারে নিয়ে আসার আশা করছে তারা। তবে ফ্লাইট নেওয়ার আগে গাড়িটিকে জাতীয় মহাসড়ক এবং ট্রাফিক সেফটি অ্যাডমিনিস্ট্রেশনের নিরাপত্তার মানগুলো পূরণ করতে হবে।




# আর ছাপা হবে না ৩২০ বছরের পুরোনো পত্রিকাটি

**আন্তর্জাতিক ডেস্ক :** অস্ট্রিয়ার ৩২০ বছরের পুরোনো সংবাদপত্র "উইনার জেইতুং"-এর ছাপা বন্ধ হয়েছে। এখন থেকে এটি শুধু অনলাইনে প্রকাশ করা হবে। শনিবার সংবাদপত্রটির সর্বশেষ প্রিন্ট সংস্করণ প্রকাশিত হয়েছে। এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে ব্রিটিশ সংবাদমাধ্যম দ্য গার্ডিয়ান। পার্লামেন্টের সিদ্ধান্তের ফলে রাষ্ট্রীয় মালিকানাধীন দৈনিকটির ভবিষ্যত নিয়ে অস্ট্রীয় সরকার ও সংবাদপত্রটি মধ্যে দীর্ঘ বছর ধরে চলে আসা বিরোধের চূড়ান্ত নিস্পত্তি হবে। ১৭০৩ সালে উইনারিস্খিস ডায়ারিয়াম নামে সংবাদপত্রটির প্রকাশ শুরু হয়। ১৭৮০ সালে এর নাম বদলে রাখা হয় "উইনার জেইতুং"। বেসরকারি পাক্ষিকটিকে ১৮৫৭ সালে অস্ট্রিয়ার সম্রাট প্রথম ফ্রাঞ্জ জোসেফ জাতীয়করণ করেন। এরমধ্য দিয়ে এটি সরকারি পত্রিকা হিসেবে যাত্রা শুরু করে। গত এপ্রিলে দেশটির পার্লামেন্টে সংখ্যাগরিষ্ঠের সিদ্ধান্তের মাধ্যমে কোয়ালিশন সরকার সংবাদপত্র সংশ্লিষ্ট একটি আইন পরিবর্তন করে। আইন অনুযায়ী এটির ছাপা বন্ধের সিদ্ধান্ত নেওয়া হয়। আইন অনুযায়ী, "উইনার জেইতুং" এর ছাপা সংস্করণে সরকারি বিজ্ঞপ্তি প্রকাশের বিনিময়ে সংবাদপত্রটিকে যে অর্থ দিতে হতো, এখন থেকে আর সেটি দিতে হবে না। জাতীয় এই পত্রিকাটিতে গ্যাজেট আকারে চাকরির বিজ্ঞপ্তি ও অফিসিয়াল নোটিশ ছাপানো হতো।

# যুক্তরাষ্ট্রে বন্দুক হামলায় নিহত দুই, আহত ২৮

**আন্তর্জাতিক ডেস্ক :** যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ড অঙ্গরাজ্যের বাল্টিমোরে বন্দুক হামলার ঘটনা ঘটেছে। এতে দুজন নিহত ও ২৮ জন আহত হয়েছে। দেশটির স্থানীয় সময় গত রোববার ভোরের দিকে এই ঘটনা ঘটে। যুক্তরাষ্ট্রের পুলিশের বরাতে এ তথ্য জানিয়েছে ফরাসি সংবাদ সংস্থা এএফপি। এক সংবাদ সম্মেলনে বাল্টিমোরের পুলিশ কমিশনার রিচ ওরলি বলেন, 'রাত সাড়ে ১২টার দিকে আমরা কয়েকটি ফোনকলের মাধ্যমে গোলাগুলির খবর পাই। ব্রুকলিন শহরের পার্শ্ববর্তী দক্ষিণ বাল্টিমোরের রাস্তায় আয়োজিত একটি পার্টিতে এই গোলাগুলির ঘটনা ঘটে। সেখানে আমাদের কর্মকর্তারা গিয়ে একাধিক গুলিবিদ্ধ লোককে উদ্ধার করে।' এক বিবৃতিতে স্থানীয় পুলিশ কর্তৃপক্ষ জানিয়েছে, এই হামলায় ১৮ বছরের এক তরুণী ও তার বন্ধু ২০ বছরের এক যুবক মারা গেছে। আহতদের উদ্ধার করে হাসপাতালে নেওয়া হয়েছে।

# যে কারণে টাইটানিকের ধ্বংসস্থল এখনো বিপজ্জনক



**আন্তর্জাতিক ডেস্ক :** বিখ্যাত চলচ্চিত্র ওটাইটানিক দর্শকের মনে অন্তিম সময়ে যে আতঙ্ক জুড়ে দিয়েছিল তার ভার এখনো বহন করছে সমুদ্রের ওই অংশটি। বাস্তবেই জায়গাটি নানা কারণে বিপজ্জনক। পুরো পৃথিবীর সমুদ্র-ভাগ এখনো নানা কারণে বিপদসংকুল হয়ে আছে। ওই অঞ্চলে এখনো নৌযান চলাচল যেমন ঝুঁকিপূর্ণ তেমনি ঝুঁকিপূর্ণ সমুদ্রের তলদেশে অভিযান পরিচালনা করা। কেন তা ঝুঁকিপূর্ণ তা একবার জানা দরকার। ইতিহাস ও বিজ্ঞানের বেশ মজার মিশেল রয়েছে এক্ষেত্রে। ১৯১১ সালের কথা। শরতেরই কোনো এক সময়ে গ্রিনল্যান্ডে বিশাল বরফ-স্তরের দক্ষিণ-পশ্চিমের একটি হিমবাহ থেকে বিকট শব্দ তুলে বরফের বিশাল এক খণ্ড বিচ্ছিন্ন হয়ে যায়। সমুদ্রের ঘনত্বের কারণে বরফ খণ্ডটি ভাসতে থাকে। এগিয়ে যেতে শুরু করে দক্ষিণের দিকে। সমুদ্রের স্রোত আর বাতাসের ধাক্কায় অত বড় বরফ আর টিকে থাকতে পারে না। আস্তে আস্তে গলতে শুরু করে। এক বছর পর অর্থাৎ ১৯১২ সালের ১৪ এপ্রিল শীতল এক রাতের ঘটনা। ওইদিন আকাশে নেই চাঁদ। চারদিকে সমুদ্রের আওয়াজ আর ভয়াবহ ঠাণ্ডা। ১২৫ মিটার (৪১০ ফুট) দীর্ঘ ঐ আইসবার্গটির সঙ্গে যাত্রীবাহী জাহাজ আরএমএস টাইটানিকের ধাক্কা লাগে। যুক্তরাষ্ট্রের উদ্দেশে ইংল্যান্ডের সাদাম্পটন থেকে ছেড়ে জাহাজটির সেটি ছিল প্রথম সমুদ্র যাত্রা। সংঘর্ষের তিন ঘণ্টার মধ্যে জাহাজটি ডুবে যায়। ১৫০০'রও বেশি যাত্রী এবং জাহাজের ক্রু ঐ ঘটনায় প্রাণ হারায়। টাইটানিকের ধ্বংসাবশেষ এখন ক্যানাডার নিউফাউন্ডল্যান্ড উপকূল থেকে প্রায় ৪০০ মাইল (৬৪০ কিলোমিটার) দক্ষিণ-পূর্বে এক জায়গায় রয়েছে। এখানে সাগরের গভীরতা প্রায় ৩.৮ কিলোমিটার (১২,৫০০ ফুট)। একটি বরফ খণ্ডই যে এত বড় দুর্ঘটনার মূল কারণ তাতে কোনো সন্দেহ নেই। ওই অঞ্চলে এখনও বরফ খণ্ড ভেসে আসে। অর্থাৎ ওই এক বরফ খণ্ডই সমস্যা নয়। আরো অনেক বরফ খণ্ড সেখানে আছে। ২০১৯ সালের মার্চ থেকে আগস্ট মাসেই ১৫১৫টি আইসবার্গ দক্ষিণ দিকে ভেসে আটলান্টিক সাগরে জাহাজ চলাচলের পথে ঢুকে পড়েছিল।

# আসামে অষ্টম শ্রেণির ছাত্রীকে ধর্ষণের পর হত্যা

**আন্তর্জাতিক ডেস্ক :** ভারতের আসামে ১৬ বছরের এক কিশোরীকে ধর্ষণের পর হত্যার অভিযোগে একজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। বাহিনীটি জানায়, হত্যার পর কিশোরীর দেহ নদীতে ফেলে দেওয়া হয়েছিল। অভিযুক্ত অটোরিকশা চালক দায় স্বীকার করেছে বলেও দাবি করেছে পুলিশ। ঘটনাটি গুয়াহাটির কামরুপ জেলায় ঘটে। পুলিশ সূত্র জানায়, কিশোরী অষ্টম শ্রেণির ছাত্রী ছিল। গতকাল সোমবার সে তার ফোন রিচার্জ করতে বেরিয়েছিল। তারপর সে আর বাড়ি ফিরে আসেনি। সোনাপুরের দিগারু নদীতে গত শুক্রবার তার মরদেহ পাওয়া যায়। এদিকে এ ঘটনায় ক্ষোভে ফেটে পড়ছে স্থানীয় বাসিন্দারা। তারা সোনাপুর থানার সামনে বিক্ষোভ করে অবিলম্বে দোষীদের শাস্তির দাবি জানিয়েছে। পুলিশ বলছে, অভিযুক্ত অটোরিকশা চালককে গ্রেপ্তার করেছে।

## বিনোদন




# ইউটিউব ট্রেন্ডিংয়ের শীর্ষে রয়েছে যেসব নাটক

**বিনোদন ডেস্ক :** ঈদ উৎসবকে ঘিরে প্রতি বছরই নির্মিত হয় অসংখ্য নাটক। সে ধারাবাবাহিকতায় এবারের ঈদুল আজহায় মুক্তি পেয়েছে এক হাজারেরও বেশি নাটক।

এরমধ্যে দর্শক পছন্দে এগিয়ে রয়েছে বেশ কিছু নাটক। বাংলাদেশে ইউটিউব ট্রেন্ডিংয়ে দুই দিনেই কোনো কোনো নাটকের ভিউ প্রায় অর্ধকোটি ছুঁয়েছে। গতকাল সোমবার দুপুর ২টা পর্যন্ত ইউটিউব ট্রেন্ডিংয়ের শীর্ষে ছিল যেসব নাটক, সে সম্পর্কে জানা যাক-

**কিডনি:**'ব্যাচেলর পয়েন্ট'খ্যাত পরিচালক কাজল আরেফিন অমি ঈদুল আজহা উপলক্ষে নির্মাণ করেছেন বেশ কয়েকটি নাটক। এর মধ্যে 'কিডনি'ইউটিউব ট্রেন্ডিংয়ের শীর্ষে আছে। নাটকটি এরইমধ্যে প্রায় ৫৫ লাখ দর্শক দেখেছে। নাটকটি অর্থের লোভে ফেলে গ্রামের সহজ-সরল মানুষকে ফাঁদে ফেলা প্রতারক চক্র নিয়ে গল্প নির্মাণ করা হয়েছে। অভিনয় করছেন জিয়াউল হক পলাশ, পাভেল, পারসা ইভানা, চাষী আলম, সুমন পাটওয়ারী, শিমুল শর্মাসহ আরও অনেক।

**পুনর্জন্ম অন্তিম পর্ব:** শহরের বিখ্যাত শেফ রাফ-সান হক। রান্না করলে কবজি ডুবিয়ে খেতে হবে। কেননা তার রান্নার স্বাদই আলাদা। 'পুনর্জন্ম' ফ্র্যাঞ্চাইজির এই চরিত্রটিতে অভিনয় করে বেশ সাড়া ফেলেছিলেন আফরান নিশো, মেহজাবীন চৌধুরী, খায়রুল বাসার, কাজী নওশাবা আহমেদ, আবদুল্লাহ আল সেন্টু। নাটকটি পরিচালনা করছেন ভিকি জাহেদ।এই ঈদে চ্যানেল আই প্রাইমে মুক্তি পেয়েছে এই ফ্র্যাঞ্চাইজির নতুন কিস্তি 'পুনর্জন্ম অন্তিম পর্ব'। নাটকটি এখন ইউটিউব ট্রেন্ডিংয়ের দ্বিতীয় স্থানে অবস্থান করছে। এখন পর্যন্ত প্রায় ৫৪ লাখ দর্শক এই নাটকটি দেখেছেন।


**ফিমেল-৩:**'ফিমেল' ও 'ফিমেল-২'-এর সফলতার ধারাবাহিকতায় 'ফিমেল-৩' নির্মাণ করছেন 'ব্যাচেলর পয়েন্ট'খ্যাত নির্মাতা কাজল আরেফিন অমি। ব্যাটারি গলিতে আর আগের মতো গ্যাঞ্জাম নেই। এলাকায় ঘটে যাওয়া দুটো বড় ঘটনা থেকে শিক্ষা নিয়ে সবাই সিদ্ধান্ত নিয়েছে ফিমেল (নারী) নিয়ে তারা আর কোনো ঝামেলায় জড়াবে না। বিয়ে করে সংসারী হওয়ার সিদ্ধান্ত নেয় এতিম আকবর ও কুত্তা মিজান। কিন্তু এখান থেকেই ঝামেলা শুরু হয়। এতিম আকবর চায় কুত্তা মিজানের আগে বিয়ে করতে, অন্যদিকে কুত্তা মিজান চায় এতিম আকবরের আগে বিয়ে করে দেখিয়ে দিতে। তাদের দুজনের প্রতিযোগিতার কারণে ঘটক শিবলু বিপাকে পড়ে যায়। ব্যাটারি গলিতে ঘটতে থাকে নানা রকম মজার ঘটনা। এরকম একটি গল্প নিয়েই নির্মিত হচ্ছে 'ফিমেল-৩'। এতে অভিনয় করেছেন মিশু সাব্বির, জিয়াউল হক পলাশ, মারজুক রাসেল, চাষী আলম, শরাফ আহমেদ জীবন, সাইদুর রহমান পাভেল, মুসাফির সৈয়দ বাচ্চু, সুমন পাটোয়ারী, লামিমা লাম, শিমুল শর্মা, আরফান মৃধা শিবলুসহ আরও অনেকে। নাটকটি এখন ইউটিউব ট্রেন্ডিংয়ের তৃতীয় স্থানে অবস্থান করছেন। এখন পর্যন্ত ৪৪ লাখ দর্শক এই নাটকটি দেখেছেন।

**জায়গায় খায়, জায়গায় ব্রেক:** ছোটপর্দার জনপ্রিয় অভিনেতা মোশাররফ করিম। এবার ঈদে বেশ কয়েকটি নাটকে অভিনয় করছেন। তার মধ্যে 'জায়গায় খায়, জায়গায় ব্রেক' শিরোনামে নামে নাটকটি এখন ইউটিউব ট্রেন্ডিংয়ের চতুর্থ স্থানে স্থানে আছে। শিরোনাম দেখে অনেকেই মনে করবে নাটকটি পুরোপুরি কমেডি। কিন্তু শুরুতে নাটকটি যেমন দর্শক হাসিয়েছে, শেষে তেমনি কাঁদিয়েছে। নাটকটি নির্মাণ করছেন জাকিউল ইসলাম রিপন। এখন পর্যন্ত ৩০ লাখ ৭০ হাজার দর্শক এই নাটকটি দেখেছেন।

**কঞ্জুস-২:** বছরের শুরুতে মুক্তি পাওয়ার পর ব্যাপক সাড়া ফেলে 'কঞ্জুস'-মাত্র ছয় দিনেই অর্জন করে কোটি ভিউ। এখন পর্যন্ত নাটকটি দেখেছেন প্রায় আড়াই কোটি দর্শক। নাটকে কৃপণ চরিত্রে মুশফিক আর ফারহান ও স্ত্রীর চরিত্রে তানজিন তিশা প্রশংসিত হন। ঈদের এসেছে নাটকটির সিকুয়েল। ইউটিউব ট্রেন্ডিংয়ের পাঁচে আছে।

# বিয়ে করলেন অভিনেত্রী সৃজিতা দে

**বিনোদন ডেস্ক :** মিডিয়ায় দুইবার বিয়ের ঘোষণা দিয়ে অবশেষে বিয়ে সেরেই নিলেন ভারতীয় বাঙালি অভিনেত্রী সৃজিতা দে। জার্মানি পাত্র মাইকেল ব্লোম পাপের সঙ্গে বিয়ের বন্ধনে আবদ্ধ হলেন তিনি। 'বিগ বস ১৬' এর আসর শেষ হওয়ার দুইদিনের মাথায় ভারতীয় সংবাদ মাধ্যমে বিয়ের ঘোষণা দেন সৃজিতা। এরপরই গত শনিবার জার্মানিতে বিয়ের আসরে প্রেমিক মাইকেল ব্লোম পাপের সঙ্গে চার বছরের প্রেমের সম্পর্ককে বেঁধে ফেলেন সারা জীবনের সম্পর্কে। নিয়মিত যারা ভারতীয় হিন্দি সিরিয়াল দেখেন তাদের কাছে অতি পরিচিত একটি মুখ সৃজিতা। 'কসৌটি জিন্দেগি কি' দিয়ে টিভি অভিনেত্রী হিসেবে অভিষেক হয় তার। এরপর একে একে জনপ্রিয়তা অর্জন করেন 'উত্তরণ', 'করম আপনা আপনা', 'অন্নু কি হো গয়ি ওয়াহ্? ভাই ওয়াহ্?'-র মতো সিরিয়ালে অভিনয় করে। ভারতীয় সংবাদ মাধ্যম পিঙ্কভিলার বরাতে জানা যায়, সৃজিতা জীবনে প্রেমের সম্পর্কে জড়ান ২০১৯ সালে।




# বিজয় নামছেন রাজনীতিতে

**বিনোদন ডেস্ক :** শিগগিরই পর্দায় আসছে থালাপতি বিজয়ের বহুল প্রতীক্ষিত চলচ্চিত্র 'লিও'। লোকেশ কানগারাজের ইউনিভার্সের অন্যতম প্রতীক্ষিত চলচ্চিত্রটি ঘিরে ইতোমধ্যে তুমুল হাইপ তৈরি হয়েছে। তবে এরইমধ্যে বিজয় ভক্তদের জন্য এলো এক দুঃসংবাদ। জানা যাচ্ছে যে লিও -এর মুক্তির পর থালাপথি বিজয় সিনেমা থেকে বিরতি নিতে পারেন। আসছে সর্বশেষ সংবাদ অনুসারে, শীর্ষস্থানীয় এই অভিনেতা ২০২৫ সালের তামিলনাড়ুর নির্বাচনের দিকে মনোনিবেশ করতে চান এবং তার সংগঠন 'থালাপতি বিজয় মক্কাল আইয়াকাম'কে এর জন্য প্রস্তুত করতে চান। প্রতিবেদনে বলা হয়েছে যে তিনি দুই বা তিন বছরের বিরতি নেবেন এবং তারপরে তামিল সিনেমায় ফিরে আসবেন। 'টিভিএমআই'-এর প্রকাশিত একটি বিবৃতিতে বলা হয়েছে, "বিজয়ের নির্দেশ অনুসারে, থালাপতি বিজয় মক্কাল ইয়াক্কাম কোনো জোট গঠন না করে বা কোনো রাজনৈতিক দলের সমর্থন না নিয়েই আরবান লোকাল বডি নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবেন। ভক্ত, কর্মী এবং পদাধিকারীদের আমাদের সমর্থন করার জন্য অনুরোধ করা হচ্ছে। প্রার্থীদের প্রতি অনুরোধ, জনগণকে আমাদের কাজ সম্পর্কে জানতে দিন এবং তাদের বিজয়ের পথ প্রশস্ত করুন।"

# ঢাকাই সিনেমার ঐতিহাসিক দিন ৭ জুলাই




**বিনোদন ডেস্ক :** দীর্ঘদিন ধরেই ঢালিউড ইন্ডাস্ট্রি এক অন্ধকার সময় পার করছিল। মাঝে করোনাভাইরাস মহামারি যেন ঢাকাই সিনেমার দুর্দশা আরও বাড়িয়ে দেয়। তবে সীমাবদ্ধতা, চরম প্রতিকূলতা আর অসংখ্য প্রতিবন্ধকতা পেরিয়ে ইন্ডাস্ট্রি আবারও ঘুরে দাঁড়ানোর চেষ্টা করছে। বিগত কয়েক বছরের চিত্র পর্যালোচনায় দেখা যায়, দেরিতে ও ধীরে হলেও ঢালিউডের সিনেমার মান, বৈচিত্র্য, জনপ্রিয়তা সবই বিকশিত হচ্ছে। এবারের ঈদ-উল-আজহায় যেন সেটি আরও বেশি বোধগম্য হলো। ঈদে মুক্তি পাওয়া "সুড়ঙ্গ","প্রিয়তমা","প্রহেলিকা","ক্যাসিনো"-সবগুলো সিনেমাই দর্শকদের কাছে ইতিবাচক সাড়া পেয়েছে। এরই মধ্যে জানা গেল, দেশের গণ্ডি পেরিয়ে "সুড়ঙ্গ" আর "প্রিয়তমা" সিনেমাটি বিদেশেও মুক্তি পাচ্ছে। মুক্তির পরপরই দেশের বাজারে চলচ্চিত্র দুটি ভরপুর ব্যবসা করছে। বেশিরভাগ প্রেক্ষাগৃহেই চলছে হাউজফুল শো। এবার সেই আঁচ বিদেশের প্রেক্ষাগৃহেও লাগবে। ঈদের পরদিন গত শুক্রবার স্বপ্ন স্কেয়ারক্রোর প্রেসিডেন্ট সজীব সপ্তক জানান, আগামী ৭ জুলাই যুক্তরাষ্ট্র ও কানাডায় মুক্তি পাচ্ছে শাকিব খান ও ঈধিকা পাল অভিনীত "প্রিয়তমা" সিনেমাটি। মার্কিন মুলুকে ছবিটির পরিবেশনার দায়িত্বেও থাকবে প্রতিষ্ঠানটি। শুরুতে যুক্তরাষ্ট্রে মুক্তির তালিকায় ছিল দীপংকর দীপন পরিচালিত বাংলাদেশের প্রথম সাইবার অ্যাকশন থ্রিলার ফিল্ম "অন্তর্জাল"। কিন্তু ঈদের আগে শেষ মুহূর্তে সিনেমাটির মুক্তি পিছিয়ে যাওয়ায় তা সম্ভব হয়নি। মূলত সে কারণেই প্রবাসী বাঙালিদের জন্য উপহার হিসেবে মার্কিন মুলুকে মুক্তি পাবে "প্রিয়তমা"। সজীব সপ্তক বলেন, "উৎসবের সময়টাতে এখানকার দর্শক বাংলাদেশের সিনেমা দেখা থেকে বঞ্চিত হচ্ছেন না। নির্ধারিত তারিখে 'প্রিয়তমা' ছবিটি মুক্তি পাবে। আজ মঙ্গলবার হলের পূর্ণাঙ্গ তালিকা ও সময় জানানো হবে।" একইদিন "সুড়ঙ্গ" দিয়ে অস্ট্রেলিয়ার প্রেক্ষাগৃহে ঢুকবেন আফরান নিশো। রায়হান রাফী পরিচালিত "সুড়ঙ্গ" ছবিটির মাধ্যমে প্রথমবারের মতো বড়পর্দায় পা রাখলেন জনপ্রিয় এ টিভি অভিনেতা। বঙ্গজ ফিল্মসের পরিবেশনায় আগামী ৭ জুলাই "সুড়ঙ্গ" সিনেমাটি মুক্তি পাবে অস্ট্রেলিয়ার মেলবোর্ন, ক্যানবেরা, সিডনি, ডারউইনসহ ৬টি শহরে। ইতোমধ্যে অস্ট্রেলিয়ায় প্রথম সপ্তাহের ২৫টি শোর ৭০% টিকেট বিক্রি হয়ে গেছে।